Janata Bank PLC.

জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
Website: jb.com.bd

এসএমই ডিপার্টমেন্ট
ফোন- ০২-২২৩৩৮৮৮১০,
০২-৪৭১১৪৮৭২

নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৩২৭/২৫

তারিখ- ২০/০৪/২০২৫ইং
০৭ বৈশাখ, ১৪৩২

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারি মহা-ব্যবস্থাপক ও ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোঃ শাখা/সকল এরিয়া অফিস/ সকল শাখা, এবং সাবসিডিয়ারি কোম্পানি।

## বিষয় ঃ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (CMSME) অর্থায়ন বিষয়ক মাস্টার সার্কুলার।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ তারিখ-১৭ মার্চ, ২০২৫ এর নির্দেশনা আমাদের হস্তগত হয়েছে যা সংশ্লিষ্ট সকলের অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু নিম্নে উদ্ধৃত করে উপরোক্ত সার্কুলার জারি করা হলো।

এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯ এর মাধ্যমে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (CMSME) অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার জারি করা হয়। উক্ত সার্কুলারের মাধ্যমে CMSME খাতে অর্থায়নের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের সময়সীমা ২০২৪ সালের ডিসেম্বরে অতিবাহিত হয়েছে। এ ধারাবাহিকতায় অর্থনৈতিক প্রবৃদ্ধিতে CMSME খাতের অবদান বৃদ্ধি এবং ক্রমবর্ধমান জনগোষ্ঠীর জন্য অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে একটি যুগোপযোগী ও অন্তর্ভুক্তিমুলক CMSME অর্থায়ন নীতিমালা প্রণয়ন আবশ্যক। আলোচ্য সার্কুলার জারির মাধ্যমে একটি পূর্ণাঙ্গ CMSME অর্থায়ন নীতিমালা জারি করা হলো এবং একইসাথে CMSME খাতে অর্থায়ন বিষয়ে ২০১৯ সালে জারিকৃত মাস্টার সার্কুলার ও সংযোজনী-১ এ বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের নির্দেশাবলী এ সার্কুলারের মাধ্যমে রহিত করা হলো।

১. সংজ্ঞা

১.১ **CMSME উদ্যোগ ঃ** CMSME উদ্যোগ বলতে এ সার্কুলারের ২.১ নং অনুচ্ছেদে বর্ণিত অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতের শিল্প উদ্যোগকে বোঝাবে।

১.২ **CMSME ঋণ/বিনিয়োগ ঃ** এ সার্কুলারের ২.১ নং অনুচ্ছেদ মোতাবেক সংজ্ঞায়িত অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের অনুকূলে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি প্রদত্ত অর্থায়নকে CMSME ঋণ/বিনিয়োগ হিসেবে গণ্য করা হবে।

এ সার্কুলারে 'ঋণ' উল্লেখ থাকলে সকল ক্ষেত্রে তা ঋণ/ বিনিয়োগ নির্দেশ করবে। অনুরূপভাবে, এ সার্কুলারে 'সুদ' উল্লেখ থাকলে সকল ক্ষেত্রে তা সুদ/ মুনাফা নির্দেশ করবে।

১.৩ **উৎপাদনশীল (Manufacturing) শিল্প ঃ** পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংযোজন এবং পরবর্তীতে উৎপাদিত পণ্যের পুনঃ সামঞ্জস্যকরণ ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত সকল প্রকার কর্মকান্ডই উৎপাদনশীল (Manufacturing) শিল্প হিসেবে বিবেচিত হবে।

১.৪ **সেবা (Service) শিল্প ঃ** যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধা সম্পদের উল্লেখযোগ্য ব্যবহারের মাধ্যমে যে সকল সহায়ক উপযোগ সৃষ্টিকারী কর্ম সম্পাদিত হয় সেগুলি সেবা (Service) শিল্পের অন্তর্ভুক্ত হবে।

জাতীয় শিল্পনীতি ২০২২ এ প্রদত্ত সেবা শিল্পের তালিকা এবং বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB) কর্তৃক প্রকাশিত CIB Batch Contribution User Guide এ বর্ণিত সেবা শিল্পের তালিকা সংযোজনী-২ এ সন্নিবেশ করা হলো। এতদ্ব্যতীত, উপরোক্ত সংজ্ঞার আলোকে অন্য কোনো ব্যবসায়িক কর্মকান্ডে সেবামূলক উপযোগ তৈরি হলে সে সকল কর্মকান্ডও সেবা শিল্পের অন্তর্ভুক্ত হবে।

১.৫ **ব্যবসা (Trading) উদ্যোগ ঃ** দেশে-বিদেশে উৎপাদিত পণ্য ক্রয়-বিক্রয়ের মাধ্যমে অর্থ উপার্জন সংক্রান্ত কর্মকান্ডসমূহ Trading বা ব্যবসা হিসেবে বিবেচিত হবে।

১.৬ **নারী উদ্যোগ ঃ** CMSME খাতের কোনো একটি উদ্যোগ নারী উদ্যোগ হিসেবে বিবেচিত হবে, যদি

১.৬.১ ব্যক্তি মালিকানাধীন বা Proprietory প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোনো নারী স্বত্বাধিকারী বা Proprietor হন; কিংবা

১.৬.২ অংশীদারী প্রতিষ্ঠান বা জয়েন্ট স্টক কোম্পানীতে নিবন্ধিত প্রাইভেট কোম্পানির পরিচালক বা শেয়ারহোল্ডারগণের মধ্যে ন্যূনতম ৫১% অংশের মালিক হন; কিংবা

১.৬.৩ অংশীদারী প্রতিষ্ঠান বা জয়েন্ট স্টক কোম্পানিতে নিবন্ধিত প্রাইভেট কোম্পানির পরিচালক বা শেয়ারহোল্ডারগণের মধ্যে ন্যূনতম ২০% অংশের মালিক হন এবং উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক (MD) অথবা নির্বাহী পরিচালক (ED) অথবা প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) অথবা পরিচালনা পর্ষদের সভাপতি ( Chairman Of BoD) অথবা সম-পর্যায়ের পদে একজন নারী দায়িত্বরত থাকেন; কিংবা

১.৬.৪ অংশীদারী প্রতিষ্ঠান বা জয়েন্ট স্টক কোম্পানিতে নিবন্ধিত প্রাইভেট কোম্পানির পরিচালক বা শেয়ারহোল্ডারগণের মধ্যে ন্যূনতম ২০% অংশের মালিক হন এবং উক্ত প্রতিষ্ঠানে কর্মরত স্থায়ী জনবলের ন্যূনতম ৫১% নারী কর্মরত থাকেন।

১.৭ **নারী উদ্যোক্তা ঃ** নারী উদ্যোক্তা বলতে অনুচ্ছেদ ১.৬ অনুযায়ী সংজ্ঞায়িত নারী উদ্যোগসমূহের স্বত্বাধিকারী বা নারী শেয়ারহোল্ডারগণকে বুঝাবে।

১.৮ **নতুন উদ্যোক্তা ঃ** যারা ব্যবসায়িক কাজে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি হতে পূর্বে কোনো ঋণ/বিনিয়োগ গ্রহণ করেননি, শুধু তারাই নতুন উদ্যোক্তা হিসেবে বিবেচিত হবেন। এক্ষেত্রে, সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ আবেদন গ্রহণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি সংশ্লিষ্ট গ্রাহকের CIB রিপোর্ট দেখে বিষয়টি নিশ্চিত হবে। নতুন উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগ গ্রহণের তারিখ হতে পরবর্তী ৪ বছর পর্যন্ত উক্ত উদ্যোক্তা নতুন উদ্যোক্তা হিসেবে গণ্য হবেন।

১.৯ **অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক উদ্যোক্তা ঃ** জাতীয় শিল্পনীতি-২০২২ এ বর্ণিত 'অপ্রাতিষ্ঠানিক শিল্প খাতের উদ্যোক্তা'; বাণিজ্য মন্ত্রণালয় প্রণীত ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা-২০২১ মোতাবেক UBID (Unique Business Identification) অথবা DBID (Digital Business Identification) আছে এমন উদ্যোক্তা: বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নীতিমালার আলোকে Personal Retail Account (PRA) আছে এমন শ্রমনির্ভর অতিক্ষুদ্র/ভাসমান উদ্যোক্তা/ সেবাপ্রদানকারীগণ অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক উদ্যোক্তা হিসেবে বিবেচিত হবেন।

১.১০ **Peer প্রতিষ্ঠান :** এ সার্কুলারের আওতায় Peer প্রতিষ্ঠান বলতে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ দ্বারা পরিচালিত ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ দ্বারা পরিচালিত ফাইন্যান্স কোম্পানি একে অপরের Peer প্রতিষ্ঠান হিসেবে গণ্য হবে।

১.১১ **ক্লাস্টার ঃ** ৫ কিলোমিটার ব্যাসার্ধের ভৌগলিক এলাকা অথবা স্থানীয় প্রশাসনিক এলাকার (পৌরসভা/উপজেলা/ইউনিয়ন ইত্যাদি) আওতায় অবস্থিত ৩০টি বা ততোধিক কুটির , মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান যদি একই বা সমজাতীয় পণ্য উৎপাদন বা সেবা প্রদান করে বা ব্যাকওয়ার্ড-ফরওয়ার্ড লিংকেজ তৈরির মাধ্যমে সমজাতীয় পণ্য উৎপাদনে সহায়তা করে তবে উক্ত প্রতিষ্ঠানসমূহের/উদ্যোগের সমষ্টি ক্লাস্টার হিসেবে বিবেচিত হবে।

এসএমই ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ক্লাস্টারের তালিকা সংযোজনী-৩ এ প্রদান করা হলো। এছাড়া, বাংলাদেশ সরকার অথবা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক সময়ে সময়ে ঘোষিত ক্লাস্টার তালিকাও এক্ষেত্রে প্রযোজ্য হবে। এতদ্ব্যতীত, ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানীসমূহ কর্তৃক উপর্যুক্ত সংজ্ঞার আলোকে ভিন্ন ধরনের কোনো ক্লাস্টার চিহ্নিত হলে সেগুলোও ক্লাস্টার হিসেবে বিবেচিত হবে।

১.১২ **ব্যক্তিগত জামানত ঃ** ব্যক্তিগত জামানত বলতে ঋণদানকারী/বিনিয়োগকারী প্রতিষ্ঠান ও ঋণ/বিনিয়োগ গ্রহীতার মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগের আদায় সুরক্ষার লক্ষ্যে উভয় পক্ষের নিকট গ্রহণযোগ্য তৃতীয় কোনো ব্যক্তির অঙ্গীকারনামাকে বোঝাবে।

১.১৩ **সামাজিক জামানত ঃ** সামাজিক জামানত বলতে ঋণদানকারী/বিনিয়োগকারী প্রতিষ্ঠান ও ঋণ/বিনিয়োগ গ্রহীতার মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগের আদায় সুরক্ষার লক্ষ্যে উভয় পক্ষের নিকট গ্রহণযোগ্য সামাজিক কোনো প্রতিষ্ঠান/সংস্থার অঙ্গীকারনামাকে বুঝাবে।

১.১৪ **দলগত জামানত ঃ** দলগত ঋণ প্রদান/বিনিয়োগের ক্ষেত্রে দলের সদস্যগণ কর্তৃক সমষ্টিকভাবে প্রদত্ত জামানত দলগত জামানত হিসেবে বিবেচিত হবে।

## ২. অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) নির্ণয়ের মানদন্ড ও সর্বোচ্চ ঋণ/বিনিয়োগ সীমা

২.১ একাধিক মানদন্ডের ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) শিল্প উদ্যোগ নির্ণয় এবং উৎপাদনশীল, সেবা ও ট্রেডিং/ব্যবসা উপখাত নির্ধারণ করা হবে। তবে কোনো একটি মানদন্ডের ভিত্তিতে একটি উদ্যোগ নিম্নতর ধাপের অন্তর্ভুক্ত হলেও অন্য একটি মানদন্ডে সেটি উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট উদ্যোগটি উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।

অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) শিল্প উদ্যোগ নির্ণয়ের মানদন্ড এবং তাদের অনুকূলে সর্বোচ্চ ঋণ/বিনিয়োগ সীমা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

| শিল্প উদ্যোগের ধরন | উপখাত | শিল্প উদ্যোগ/ব্যবসা প্রতিষ্ঠানের ধরন নির্ণয়ের মানদন্ড | | | সর্বোচ্চ ঋণ/বিনিয়োগ সীমা (টাকা) |
|---|---|---|---|---|---|
| | | জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ শিল্প প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদের মোট মূল্য | শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত/কর্মরত জনবলের সংখ্যা | ব্যবসা প্রতিষ্ঠানের টার্নওভার/বার্ষিক লেনদেন | |
| অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক উদ্যোগ | উৎপাদন/সেবা/ব্যবসা | ৫ লক্ষ টাকার কম | পারিবারিক সদস্যসহ অনধিক ১০ জন | প্রযোজ্য নয় | ৫ লক্ষ |
| কুটির শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকার কম | পারিবারিক সদস্যসহ অনধিক ১৫ জন | | ২০ লক্ষ |
| মাইক্রো শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকার কম | অনধিক ২৫ জন | | ২ কোটি |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকার কম | সর্বোচ্চ ১৫ জন | | ৫০ লক্ষ |
| | ট্রেডিং/ব্যবসা | সর্বোচ্চ ১৫ লক্ষ টাকা | সর্বোচ্চ ১০ জন | সর্বোচ্চ ২ কোটি টাকা | ৭৫ লক্ষ |
| ক্ষুদ্র শিল্প | উৎপাদনশীল শিল্প | ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকার কম | ২৬ থেকে ১২০ জন | প্রযোজ্য নয় | ২৫ কোটি |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার কম | ১৬ থেকে ৫০ জন | | ৮ কোটি |
| | ট্রেডিং/ব্যবসা | ১৫ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার কম | ১১ থেকে ৩০ জন | ২ কোটি টাকা থেকে অনধিক ২০ কোটি টাকা | |
| মাঝারি শিল্প | উৎপাদনশীল শিল্প | ১৫ কোটি টাকা থেকে ৫০ কোটি টাকা | ১২১ থেকে ৩০০ জন; তবে তৈরি পোশাক প্রতিষ্ঠান/শ্রমঘন শিল্পের জন্য সর্বোচ্চ ১০০০ জন | প্রযোজ্য নয় | ১০০ কোটি |
| | সেবা শিল্প | ২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা | ৫১ থেকে ১২০ জন | | ৭৫ কোটি |
| | ট্রেডিং/ব্যবসা | ২ কোটি টাকা থেকে ১৫ কোটি টাকার কম | ৩১ থেকে ১০০ জন | ২০ কোটি টাকা থেকে অনধিক ৫০ কোটি টাকা | ১০ কোটি |

২.২ কোনো গ্রুপ অব কোম্পানিজ সামগ্রিকভাবে এ সার্কুলারের অনুচ্ছেদ ২.১ মোতাবেক মাইক্রো, ক্ষুদ্র অথবা মাঝারি উদ্যোগ হিসেবে বিবেচিত না হলে ঐ গ্রুপ অব কোম্পানিজ এর অধীন কোনো একক প্রতিষ্ঠানও মাইক্রো, ক্ষুদ্র অথবা মাঝারি উদ্যোগ হিসেবে বিবেচিত হবে না। সেক্ষেত্রে, গ্রুপভুক্ত কোনো একক প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত ঋণ/বিনিয়োগকে সিএমএসএমই ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদর্শন করা যাবে না। গ্রুপের সংজ্ঞা নির্ধারণে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রযোজ্য হবে।

২.৩ একটি নির্দিষ্ট সময়ে একটি CMSME উদ্যোগের অনুকূলে এক বা একাধিক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি থেকে সামগ্রিকভাবে প্রদত্ত ফান্ডেড ঋণ/বিনিয়োগ সুবিধার মোট পরিমাণ কোনোক্রমেই ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা অতিক্রম করতে পারবে না। সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ আবেদন গ্রহণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি আবেদনকারীর CIB রিপোর্ট দেখে বিষয়টি নিশ্চিত করবে।

## ৩. CMSME ঋণ/বিনিয়োগ স্থিতির লক্ষ্যমাত্রা ও খাতভিত্তিক বিভাজন

জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে এবং CMSME খাতে অধিকতর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে ২০২৯ সাল পর্যন্ত ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক CMSME খাতে ঋণ/বিনিয়োগ স্থিতির লক্ষ্যমাত্রা প্রদান করা হলো।

৩.১ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির মোট ঋণ ও অগ্রিম স্থিতির মধ্যে CMSME মোট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০২৫ সাল অন্তে ২৫% এ উন্নীত করতে হবে এবং প্রতিবছর অন্তত ০.৫% বৃদ্ধিসহ আগামী ২০২৯ সালের মধ্যে ন্যূনতম ২৭% এ উন্নীত করতে হবে। ২০২৯ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার হার এবং প্রতিবছর খাতভিত্তিক অর্জিত লক্ষ্যমাত্রার হার হবে নিম্নরূপ:

| বিষয়াবলী | সাল | অর্জিত লক্ষ্যমাত্রার হার |
|---|---|---|
| CMSME মোট ঋণ ও অগ্রিম স্থিতি | ২০২৯ | মোট ঋণ ও অগ্রিম স্থিতির ২৭% |
| অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগে মোট ঋণ ও অগ্রিম স্থিতি | প্রতিবছর | CMSME মোট ঋণ ও অগ্রিম স্থিতির ৫০% |
| নারী উদ্যোগ/নারী উদ্যোক্তা খাতে মোট ঋণ ও অগ্রিম স্থিতি | প্রতিবছর | CMSME মোট ঋণ ও অগ্রিম স্থিতির ১৫% |
| ক্লাস্টার অর্থায়ন | প্রতিবছর | CMSME মোট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১০% |
| CMSME ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক বিভাজন | প্রতিবছর | উৎপাদনশীল শিল্পে ন্যূনতম ৪০%<br>সেবা শিল্পে ন্যূনতম ২০%<br>ব্যবসা খাতে সর্বোচ্চ ৪০% |

৩.২ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি ৩.১ নং অনুচ্ছেদে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতের লক্ষ্যে CMSME খাতে বাৎসরিক ঋণ বিতরণের স্ব স্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে এবং লক্ষ্যমাত্রা অর্জনের ধারাবাহিকতা রক্ষায় সচেষ্ট থাকবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির স্ব-নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ধারাবাহিক অগ্রগতি বাংলাদেশ ব্যাংক পর্যবেক্ষণ করবে।

## ৪. CMSME ঋণ বিতরণের বিকল্প মাধ্যম

যেসব ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির গ্রাম/পল্লী এলাকায় শাখার সংখ্যা অপর্যাপ্ত অথবা SME ব্যাংকিং কার্যক্রমের পরিধি বা গ্রাহক সংখ্যা স্বল্প, সেসব ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি ৩.১ নং অনুচ্ছেদে বর্ণিত CMSME খাতে ঋণ স্থিতির লক্ষ্যমাত্রা অর্জনে তাদের নিজ নিজ শাখা/উপশাখার পাশাপাশি নিম্নবর্ণিত পদ্ধতি/মাধ্যম ব্যবহার করে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগে ঋণ বিতরণ করতে পারবে:

### ৪.১ অনুমোদিত এজেন্টদের সহায়তায় CMS ঋণ বিতরণ

ব্যাংকসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এজেন্ট ব্যাংকিং নীতিমালার আওতায় অনুমোদিত এজেন্ট আউটলেটের সহায়তায় অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগে ঋণ বিতরণ করতে পারবে। এক্ষেত্রে, এজেন্ট আউটলেটের মাধ্যমে ঋণের আবেদনপত্র গ্রহণ, প্রাথমিক যাচাই-বাছাই, ঋণ বিতরণ এবং ঋণের কিস্তি আদায় করা যাবে। তবে ঋণের আবেদন প্রক্রিয়াকরণ, চূড়ান্ত মঞ্জুরি এবং প্রয়োজনীয় তদারকি কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক সম্পন্ন করতে হবে। গ্রাহকের প্রয়োজনীয় তথ্যাবলী ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট এজেন্ট ও ব্যাংক উভয় কর্তৃক সংরক্ষণ করতে হবে।

### ৪.২ ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান (MFI) লিংকেজ ব্যবহার করে ঋণ বিতরণ

৪.২.১ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA) কর্তৃক অনুমোদিত MFI এর সাথে লিংকেজের মাধ্যমে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগে ঋণ বিতরণ করা যাবে।

৪.২.২ MFI লিংকেজের মাধ্যমে ঋণ বিতরণকালে সংশ্লিষ্ট ঋণের গ্রাহককে এ সার্কুলারের ২.১ নং অনুচ্ছেদের মানদন্ডের আলোকে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোক্তা হতে হবে। এছাড়া, সংশ্লিষ্ট গ্রাহক যদি নারী হন তবে এ সার্কুলারের ১.৬ অনুচ্ছেদের আলোকে নারী উদ্যোক্তা হতে হবে। MFI লিংকেজের মাধ্যমে ঋণ বিতরণকালে সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে এ শর্ত পরিপালন নিশ্চিত করতে হবে।

৪.২.৩ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক MFI কে অর্থ ছাড়ের পর উক্ত ঋণ গ্রাহক পর্যায়ে বিতরণের পরই তা কেবলমাত্র অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ ঋণ হিসেবে বিবেচিত হবে এবং রিপোর্ট করা যাবে।

৪.২.৪ MFI লিংকেজের মাধ্যমে ঋণ বিতরণের ক্ষেত্রে একই গ্রাহকের অনুকূলে একাধিক ঋণ বিতরণ (overlapping) রোধকল্পে এবং ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে সতর্ক হতে হবে। একাধিক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক একটি MFI এর মাধ্যমে ঋণ বিতরণকালে ভিন্ন ভিন্ন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির তহবিল হতে যেন একই গ্রাহককে একাধিক ঋণ প্রদান করা না হয় সে বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি চুক্তি দ্বারা নিশ্চিত করবে।

৪.২.৫ MFI লিংকেজের মাধ্যমে বিতরণকৃত ঋণের সকল দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির উপর বর্তাবে। MFI লিংকেজের মাধ্যমে গ্রাহক পর্যায়ে ঋণ ছাড়ের পর সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি উক্ত ঋণগ্রহীতাদের সকল তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে, তন্মধ্যে ন্যূনতম ২৫% তথ্য ও দলিলাদির সঠিকতা যাচাই করবে এবং ন্যূনতম ২% গ্রাহকের ঋণের সদ্ব্যবহার সরেজমিনে পরিদর্শন করবে।

৪.২.৬ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি উক্ত ঋণগ্রহীতাদের তথ্য ও দলিলাদি যাচাইকালে মাইক্রো ও ক্ষুদ্র খাতের ঋণগ্রহীতাদের CIB তথ্য অনুসন্ধান করবে। MFI লিংকেজের আওতায় বিতরণকৃত ঋণের গ্রাহকদের CIB অনুসন্ধানে কোনো গ্রাহক ঋণ খেলাপী হলে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি উক্ত গ্রাহকের ঋণের অর্থ ফেরত গ্রহণের জন্য সংশ্লিষ্ট MFI কে অনুরোধ করবে এবং উক্ত ঋণ/ঋণসমূহ এ প্রক্রিয়ায় বিতরণকৃত CMS ঋণ হিসেবে প্রদর্শন করা যাবে না।

৪.২.৭ গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ লেনদেনের বিস্তারিত তথ্য সফটওয়্যারভিত্তিক ডাটাবেইজে সংরক্ষণের বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি এবং MFI কে নিশ্চিত করতে হবে। এছাড়া MFI লিংকেজের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে MFI এর শাখাসমূহে ঋণগ্রহীতাদের ঋণ সংক্রান্ত তথ্যাদি কম্পিউটারাইজড ডাটাবেইজে সংরক্ষণের বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি এবং MFI নিশ্চিত করবে।

৪.২.৮ MFI এর সংশ্লিষ্ট শাখা বিতরণকৃত ঋণের তথ্য ও দালিলিক প্রমাণাদি ঋণ প্রদানকারী ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি এবং বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের নিকট সরবরাহ করবে। বিতরণকৃত ঋণের সদ্ব্যবহার সম্পর্কিত তথ্য উপাত্ত সংশ্লিষ্ট শাখায় সংরক্ষণ করবে, যা অর্থায়নকারী ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের চাহিদা মোতাবেক তাৎক্ষণিকভাবে উপস্থাপন করতে বাধ্য থাকবে। বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের নিকট অর্থায়নকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি অথবা MFI এর সংশ্লিষ্ট শাখা ঋণ গ্রহীতার তথ্যাদি তাৎক্ষণিকভাবে সরবরাহ করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঋণসমূহ পরিদর্শন দলের নিকট CMS ঋণ হিসেবে গ্রহণযোগ্য হবে না।

৪.২.৯ MFI লিংকেজের মাধ্যমে বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে না।

## ৪.৩ Peer প্রতিষ্ঠানের মাধ্যমে CMS ঋণ বিতরণ

যেসব ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির পল্লী এলাকায় শাখার সংখ্যা অপর্যাপ্ত অথবা SME ব্যাংকিং কার্যক্রমের পরিধি বা গ্রাহক সংখ্যা স্বল্প, সেসব ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি তাদের CMSME ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে একে অপরের সাথে চুক্তিবদ্ধ হয়ে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগে ঋণ বিতরণ করতে পারবে।

৪.৩.১ এ প্রক্রিয়ায় বিতরণকৃত ঋণ গ্রাহক পর্যায়ে ছাড় করার পর ১ম পক্ষ (অর্থাৎ তহবিল সরবরাহকারী ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি) CMS ঋণ হিসেবে বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করবে এবং এর বিপরীতে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের প্রযোজ্য নির্দেশনা মোতাবেক প্রভিশন সংরক্ষণ ও ঋণ শ্রেণিকরণ করবে।

৪.৩.২ এ প্রক্রিয়ায় ২য় পক্ষ (১ম পক্ষ হতে তহবিল গ্রহণকারী ও CMS গ্রাহক বরাবরে ঋণ বিতরণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি) ১ম পক্ষকে CMS গ্রাহকের (উভয়পক্ষের কাছে গ্রহণযোগ্য) তথ্যসহ তালিকা সরবরাহ করবে এবং ১ম পক্ষ হতে প্রাপ্ত তহবিল উক্ত গ্রাহকদের অনুকূলে ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রমের বিপরীতে কমিশন গ্রহণ করতে পারবে। কমিশনের হার নির্ধারণে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট নির্দেশনা প্রযোজ্য হবে। তবে এ

প্রক্রিয়ায় বিতরণকৃত ঋণ ২য় পক্ষ কর্তৃক CMS ঋণ হিসেবে বাংলাদেশ ব্যাংককে বা অন্য কোথাও রিপোর্ট করা যাবে না।

৪.৩.৩ এ প্রক্রিয়ায় বিতরণকৃত ঋণের ক্ষেত্রে কোনো অনিয়ম সংঘটিত হলে তার দায় ১ম পক্ষ বহন করবে।

৪.৩.৪ Peer প্রতিষ্ঠানের মাধ্যমে বিতরণকৃত CMS ঋণের তথ্য-উপাত্ত উভয় পক্ষের নিকট পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।

৪.৩.৫ Peer প্রতিষ্ঠানের মাধ্যমে CMS ঋণ বিতরণকালে এ সার্কুলারের অপরাপর নির্দেশনা পরিপালন করতে হবে।

৪.৩.৬ Peer প্রতিষ্ঠানের মাধ্যমে বিতরণকৃত CMS ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে না।

## ৫. CMSME খাতে দলগত ঋণ প্রদান

অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো (CM) উদ্যোক্তাগণের ৫ থেকে ১০ জনের সমন্বয়ে গঠিত দলকে দলগত জামানতের বিপরীতে ঋণ প্রদান করা হলে তা CMSME খাতে দলগত ঋণ হিসেবে বিবেচিত হবে। দলগত ঋণ পেতে সদস্যদের নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করতে হবে:

৫.১ দলগত ঋণের জন্য দলের প্রত্যেক সদস্যকে পৃথকভাবে ঋণ আবেদন ফরম পূরণ করতে হবে। দলগত ঋণ মঞ্জুরের পূর্বে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক দলের প্রত্যেক আবেদনকারীর CIB তথ্য নিশ্চিত হয়ে ঋণ আবেদন মঞ্জুর করতে হবে। সেক্ষেত্রে দলের কোনো সদস্য ঋণখেলাপী হলে তিনি ঋণ পাবার যোগ্য বিবেচিত হবেন না।

৫.২ দলগত ঋণ প্রদানের ক্ষেত্রে দলের সদস্যদের সম্মতিক্রমে সংশ্লিষ্ট ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি উক্ত দলের একজন সদস্যকে দলনেতা ও অপর একজন সদস্যকে উপ-দলনেতা নির্বাচন করবে।

৫.৩ দলগত ঋণ আদায়ে দলনেতা ও উপ-দলনেতা দলের অন্যসব সদস্যের কাছ থেকে ঋণের কিস্তির টাকা সংগ্রহ করে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানিতে জমা প্রদান করতে পারবেন। তথাপি ঋণের কিস্তির টাকা পরিশোধের দায় দলের প্রত্যেক সদস্যের উপর সমভাবে বর্তাবে। এক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি ঋণের কিস্তির টাকা জমার তথ্য দলের প্রত্যেক সদস্যের মোবাইল ফোনে নোটিফিকেশন প্রেরণ করবে। ঋণের অর্থ পরিশোধে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি দলের প্রত্যেক সদস্যকে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (MFS) বা ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস (DFS) বা এ্যাপস্ (Apps) (যদি থাকে) ব্যবহারে উৎসাহিত করবে।

## ৬. CMSME অর্থায়ন বিষয়ে সাধারণ নির্দেশনা

৬.১ **পৃথক CMSME অর্থায়ন নীতিমালা ও সুনির্দিষ্ট ব্যবসায়িক কৌশল:** CMSME খাতে অর্থায়নে জোর দিতে এবং লক্ষ্যমাত্রা অর্জনে সক্রিয় থাকতে প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে পৃথক CMSME অর্থায়ন নীতিমালা প্রণয়ন করতে হবে। CMSME খাতে অর্থায়নের লক্ষ্যমাত্রা এবং খাতভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে সুনির্দিষ্ট ব্যবসায়িক কৌশল প্রণয়ন করতে হবে। CMSME ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনবোধে প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি শাখা পর্যায়ে এ লক্ষ্যমাত্রা বিস্তৃত করবে।

৬.২ **CMSME Credit Risk Management Division/Department:** CMSME ঋণের যথাযথ মূল্যায়ন, কার্যকর ঝুঁকি ব্যবস্থাপনা ও ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজতর করার মাধ্যমে এসএমই খাতের টেকসই উন্নয়ন ও কার্যকর ঋণ ব্যবস্থাপনা নিশ্চিত করতে প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রধান কার্যালয়ে পৃথক SME Credit Risk Management Division/Department থাকবে।

৬.৩ **SME Wing/Division/Department:** CMSME খাতে অর্থায়নের নীতিমালা বাস্তবায়নে ও লক্ষ্যমাত্রা অর্জনে সুনির্দিষ্ট দায়িত্ব পালনের জন্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রধান কার্যালয়ে পৃথক SME Wing /Division/Department থাকবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির SME Wing/Division/Department CMSME অর্থায়নের লক্ষ্যমাত্রা অর্জনে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়ন করবে:

৬.৩.১ **উদ্ভাবনী ঋণপণ্য/সেবা প্রচলন:** CMSME উদ্যোগের ধরন ও প্রকৃতি বিবেচনায় এবং গ্রাহকদের চাহিদা অনুসারে উদ্ভাবনীমূলক ঋণপণ্য/সেবা প্রচলন করবে। E-Commerce/F-Commerce ভিত্তিক

উদ্যোক্তাদের উপযোগী আর্থিক পণ্য ও সেবা প্রচলনে বিশেষ গুরুত্ব দিবে। নতুন উদ্যোক্তা ও অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক উদ্যোক্তার নগদ লেনদেন (cash flow) বিবেচনায় নিয়ে তাদের উপযোগী আদায় সূচি (Repayment Schedule) নির্ধারণে গুরুত্ব দিতে হবে।

৬.৩.২ **CMSME ঋণের প্রসারে DFS/MFS এর ব্যবহার:** প্রচলিত ব্যবস্থার পাশাপাশি ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস (DFS)/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর মাধ্যমে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক ও কুটির উদ্যোগের ঋণ আবেদন গ্রহণ, ঋণ বিতরণ ও আদায়ের সুযোগ রাখতে হবে। ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক উদ্যোক্তাদের ঋণ আবেদন প্রক্রিয়াকরণ ও তাদের অনুকূলে শাখা পর্যায় হতে ঋণ মঞ্জুরির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.৩.৩ **নতুন উদ্যোক্তা অর্থায়নে গুরুত্ব:** স্ব-কর্মসংস্থানকে উদ্বুদ্ধ করতে নতুন উদ্যোক্তাদের অর্থায়নে বিশেষ গুরুত্ব দিতে হবে। অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক ও কুটির নতুন উদ্যোক্তাকে অর্থায়নের ক্ষেত্রে ন্যূনতম ব্যবসায়িক অভিজ্ঞতার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না। নতুন উদ্যোক্তার প্রস্তাবিত উদ্যোগ/ব্যবসা সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান/কারিগরি দক্ষতা থাকলে এবং নতুন উদ্যোক্তা কোনো সরকারি বা বেসরকারি অনুমোদিত উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ব্যবসা/উদ্যোগ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও সনদধারী হলে তাদেরকে অর্থায়নে অগ্রাধিকার দিতে হবে।

৬.৩.৪ **QR কোড প্রদর্শনের ব্যবস্থা/Chatbot চালুকরণ:** ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির নিজস্ব CMSME ঋণপণ্য/সেবার তথ্য ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক CMSME পুনঃ অর্থায়ন তহবিল সংক্রান্ত তথ্য প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। পাশাপাশি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রত্যেক শাখায় QR কোড প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে যা স্ক্যান করে গ্রাহকগণ সহজে ও তাৎক্ষণিকভাবে CMSME ঋণপণ্য/সেবার তথ্য পাবেন। এছাড়া, CMSME ঋণ বিশেষত নারী উদ্যোক্তা ঋণসহ ব্যাংকিং পণ্য/সেবা সম্পর্কে গ্রাহকের প্রশ্নের তাৎক্ষণিক জবাব প্রদানের লক্ষ্যে প্রত্যেক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি তাদের ওয়েবসাইটে Live Chatbot চালু করবে।

৬.৩.৫ **CMSME অর্থায়ন কার্যক্রমে পর্যাপ্ত জনবল নিয়োগ ও কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ:** CMSME খাতে অর্থায়ন কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি তাদের প্রধান কার্যালয় ও শাখায় প্রয়োজনীয় সংখ্যক জনবল নিযুক্ত করবে। CMSME অর্থায়নের গুরুত্ব বিবেচনায় কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি তাদের শাখা, উপশাখা ও এজেন্ট আউটলেট পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাদের ষান্মাসিক ভিত্তিতে অথবা প্রয়োজনানুসারে ওয়ার্কশপ/সেমিনার আয়োজনের মাধ্যমে যথাযথ প্রশিক্ষণ প্রদান করবে। CMSME অর্থায়ন বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত নীতি নির্দেশনা সম্পর্কে উক্ত প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনারে সেশন থাকতে হবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির SME Wing/Division/Department এর সার্বিক তত্ত্বাবধানে এই প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রয়োজনবোধে একাধিক জেলার কর্মকর্তাদের একত্রে প্রশিক্ষণ দেয়া যাবে।

৬.৪ **শারীরিক প্রতিবন্ধী/বিশেষ চাহিদা সম্পন্ন/তৃতীয় লিঙ্গ/সুবিধাবঞ্চিত উদ্যোক্তাদের প্রাধান্য:** CMSME ঋণ বিতরণের ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধী/বিশেষ চাহিদা সম্পন্ন/তৃতীয় লিঙ্গ/সুবিধাবঞ্চিত উদ্যোক্তাদের প্রাধান্য দিয়ে তাদের ঋণ আবেদনপত্র পূরণে সহায়তা, সহায়ক জামানতবিহীন ঋণ প্রদান, দ্রুততার সাথে ঋণ মঞ্জুরসহ সব ধরনের আর্থিক সেবা প্রদানে অগ্রাধিকার দিতে হবে।

৬.৫ **স্টেটমেন্ট অফ অ্যাফেয়ার্সে CMSME ঋণ প্রদর্শন:** ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রধান কার্যালয় ও শাখা পর্যায়ে স্টেটমেন্ট অফ অ্যাফেয়ার্সে CMSME ঋণ আলাদাভাবে প্রদর্শন করতে হবে।

## ৭. ঋণ আবেদন ও মঞ্জুরি

৭.১ CMSME উদ্যোক্তা বিশেষত অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির ও মাইক্রো উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগ হিসাব খোলার জন্য নমুনা অনুযায়ী (সংযোজনী-৪) বাংলা ভাষায় প্রণীত আবেদন ফরম ব্যবহার করতে হবে। এছাড়া, ডিজিটাল পদ্ধতিতেও ঋণ আবেদন গ্রহণ করা যাবে।

৭.২ ব্যাংক কর্মকর্তাগণ CMSME উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র পূরণে সহায়তা করবেন এবং আবেদনপত্রের প্রাপ্তিস্বীকার রশিদ বা মোবাইল নোটিফিকেশন প্রদান করবেন।

৭.৩ প্রয়োজনীয় দলিলাদি ও পূর্ণাঙ্গ তথ্যসম্বলিত ঋণ আবেদন প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে CMSME উদ্যোক্তাদের ঋণের বিষয়ে সিদ্ধান্ত (লিখিত অথবা SMS অথবা Email মারফত) জানাতে হবে। তবে, ঋণ আবেদনের বিষয়ে ব্যাংক বা

ফাইন্যান্স কোম্পানির পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রয়োজন হলে ৩০ কার্যদিবস সময় নেয়া যাবে। ঋণ আবেদন অনুমোদিত হলে SMS এর মাধ্যমে গ্রাহককে অবহিত করতে হবে ও দ্রুততম সময়ের মধ্যে ঋণ বিতরণ করতে হবে।

৭.৪ ঋণ আবেদন প্রত্যাখ্যাত হলে, ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃপক্ষের যে পর্যায়ে ঋণের আবেদন প্রত্যাখ্যাত হবে তার পরবর্তী উচ্চ ধাপের নিকট আবেদনকারী তার ঋণ আবেদন পুনঃ বিবেচনার জন্য দাখিল করতে পারবেন। তবে, ঋণ আবেদন চূড়ান্তভাবে প্রত্যাখ্যাত হলে প্রতিষ্ঠান কর্তৃক আবেদনকারীকে লিখিত উপায়ে অথবা SMS অথবা Email এর মাধ্যমে আবেদন প্রত্যাখ্যানের কারণ অবহিত করতে হবে।

৭.৫ শাখা পর্যায়ে CMSME ঋণ সংক্রান্ত তথ্যাদি তথা ঋণ আবেদন প্রাপ্তি, ঋণ মঞ্জুর, বিতরণ, আদায় ও গ্রাহক সংশ্লিষ্ট সকল তথ্য সংরক্ষণ করতে হবে। এছাড়া, প্রত্যাখ্যাত ঋণ আবেদনের ক্ষেত্রে আবেদনের তারিখ, আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, আবেদনকৃত ঋণের পরিমাণ, প্রত্যাখ্যানের কারণ ইত্যাদি তথ্য আলাদাভাবে ন্যূনতম ৩ বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে। CMSME ঋণ আবেদনের তথ্য বার্ষিক ভিত্তিতে সংযোজনী-৫ মোতবেক প্রতি বছরান্তে পরবর্তী মাসের শেষ কার্যদিবসের মধ্যে পরিচালক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট বরাবরে প্রেরণ করতে হবে।

## ৮. শিডিউল অব চার্জেস ও ঋণের সুদ/মুনাফার হার

৮.১ সাধারণভাবে CMSME ঋণের শিডিউল অব চার্জেস এবং সুদ/মুনাফার হার নির্ধারণে সকল তফসিলি ব্যাংকের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা এবং সকল ফাইন্যান্স কোম্পানির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রযোজ্য হবে। তবে বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়ন তহবিলসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট তহবিলের জন্য নির্ধারিত সুদ/মুনাফার হার প্রযোজ্য হবে।

৮.২ এ সার্কুলারের ৪.১ নং অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকিং এজেন্টদের মাধ্যমে CMS ঋণ বিতরণকালে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার নির্ধারণে ৮.১ নং অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে এবং এজেন্ট কমিশন নির্ধারণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এজেন্ট ব্যাংকিং নীতিমালা প্রযোজ্য হবে।

৮.৩ উল্লিখিত ৪.২ নং অনুচ্ছেদে বর্ণিত MFI এর মাধ্যমে বিতরণকৃত CMS ঋণে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার নির্ধারণে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নীতিমালা প্রযোজ্য হবে।

৮.৪ উল্লিখিত ৪.৩ নং অনুচ্ছেদে বর্ণিত Peer প্রতিষ্ঠানের মাধ্যমে CMS ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার নির্ধারণে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা এবং/অথবা আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রযোজ্য হবে।

৮.৫ বাংলাদেশ ব্যাংকের CIB কর্তৃক জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০৩/২০২৪ এর নির্দেশনা মোতাবেক ১০ লক্ষ টাকা পর্যন্ত CMSME ঋণ আবেদনের CIB চার্জ মওকুফ করা হয়েছে বিধায় গ্রাহকদের ১০ লক্ষ টাকা পর্যন্ত CMSME ঋণ আবেদনের বিপরীতে এ চার্জ আরোপ করা যাবে না।

## ৯. গ্রেস পিরিয়ড

CMSME উদ্যোগের ধরন ও প্রকৃতির সাথে সামঞ্জস্য রেখে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের বিপরীতে CMSME ঋণ আদায়ে যথাযথ গ্রেস পিরিয়ডের সুবিধা প্রদান করতে হবে। অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের চাহিদার প্রেক্ষিতে চলতি মূলধন ঋণ মঞ্জুরি অব্যাহত রাখা এবং মেয়াদি ঋণের (১ বছরের অধিক হতে সর্বোচ্চ ৭ বছর) ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩ থেকে ৬ মাস গ্রেস পিরিয়ড প্রদানের বিষয়টি আবশ্যিকভাবে বিবেচনা করতে হবে। ৫ বছর বা তদূর্ধ্ব মেয়াদের ঋণের ক্ষেত্রে প্রকল্পভেদে (যেমন: কারখানা ভবন নির্মাণ) ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৬ থেকে ১২ মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে।

## ১০. সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদান

১০.১ CMSME খাতে ০৫ লক্ষ টাকা পর্যন্ত সহায়ক জামানতবিহীন ঋণ প্রদান করতে হবে।

১০.২ এছাড়া, নতুন উদ্যোক্তার উৎপাদিত পণ্যের বাজার বিবেচনায় নিয়ে; ঋণগ্রহীতা কর্তৃক পূর্বে গৃহীত কোনো প্রাতিষ্ঠানিক ঋণের মূল্যায়ন (Credit history/Performance) কে বিবেচনায় নিয়ে; ঋণ আবেদনকারীর উদ্যোগ/ব্যবসার cash flow বিবেচনায় নিয়ে; E-Commerce/F-Commerce ভিত্তিক উদ্যোক্তাদের ব্যবসার পরিধি ও লেনদেনের ভিত্তিতে এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা খাতে সহায়ক জামানত ব্যতিরেকে ০৫ লক্ষ টাকার অধিক পরিমাণ ঋণ প্রদান করা যাবে।

১০.৩ নারী উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে সহায়ক জামানত ব্যতিরেকে ব্যক্তিগত/সামাজিক জামানতকে বিকল্প জামানত হিসেবে বিবেচনা করে ২৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে। তবে ব্যাংকার গ্রাহক সম্পর্ক বিবেচনায় নারী উদ্যোক্তাদেরকে সহায়ক জামানত ব্যতিরেকে ২৫ লক্ষ টাকার অধিক পরিমাণ ঋণ প্রদান করা যাবে।

১০.৪ অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোক্তাদের অনুকূলে ব্যক্তিগত জামানত, সামাজিক জামানত ও দলগত জামানতকে বিকল্প জামানত হিসেবে বিবেচনা করে ঋণ প্রদানে গুরুত্ব দিতে হবে।

১০.৪.১ ব্যক্তিগত জামানত গ্রহণে এ সার্কুলারের ১.১২ নং অনুচ্ছেদের সংজ্ঞা প্রযোজ্য হবে। তবে এক্ষেত্রে একের অধিক ব্যক্তি ও সুনির্দিষ্ট ব্যক্তির (যেমন: উচ্চপদস্থ কর্মকর্তা, বিত্তবান আত্মীয়-স্বজন, স্বামী, ভাই ইত্যাদি) জামানত প্রদান বাধ্যতামূলক করা যাবে না।

১০.৪.২ সামাজিক জামানত বলতে এ সার্কুলারের ১.১৩ নং অনুচ্ছেদের সংজ্ঞা প্রযোজ্য হবে। সাধারণতঃ কোনো ব্যক্তি কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে সংশ্লিষ্ট চেম্বার/এসোসিয়েশন/ব্যবসায়ী সংগঠন/CMSME বিষয়ে প্রশিক্ষণ প্রদানকারী অনুমোদিত প্রতিষ্ঠান (BSCIC, SME Foundation ইত্যাদি) কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামা সামাজিক জামানত হিসেবে গণ্য হবে।

১০.৪.৩ এ সার্কুলারের ৫ নং অনুচ্ছেদ মোতাবেক দলগত ঋণ প্রদানের বিপরীতে ১.১৪ নং অনুচ্ছেদের সংজ্ঞার আলোকে দলগত জামানত প্রযোজ্য হবে। দলগত জামানতের ক্ষেত্রে দলনেতার ঋণ আবেদনপত্রে জামিনদার হিসেবে উপ-দলনেতা স্বাক্ষর করবেন এবং উপ-দলনেতা ও সদস্যদের ঋণ আবেদনপত্রে জামিনদার হিসেবে দলনেতা স্বাক্ষর করবেন।

## ১১. নারী উদ্যোক্তা উন্নয়ন ও অর্থায়নে বিশেষ নির্দেশনা

১১.১ **নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট:** ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রধান কার্যালয়ের SME Wing/Division/Department এর অধীনে নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট (Women Entrepreneurs Development Unit (WEDU)) নামে আলাদা ইউনিট থাকবে। উক্ত ইউনিটে নারী কর্মকর্তা নিযুক্ত করার বিষয়ে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি অগ্রাধিকার প্রদান করবে। নারী উদ্যোক্তা উন্নয়নে ও নারী উদ্যোক্তা অর্থায়ন বৃদ্ধিতে এ ইউনিট নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়ন ও তদারকি করবে:

১১.১.১ **Women Entrepreneur Dedicated Desk (WEDD):** নারী উদ্যোক্তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে অর্থায়ন সেবা প্রদানের জন্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রতিটি শাখায় স্বতন্ত্র Women Entrepreneur Dedicated Desk (WEDD) স্থাপন করে উপযুক্ত সংখ্যক জনবল (সম্ভব হলে নারী কর্মকর্তা) নিযুক্ত করতে হবে।

১১.১.২ **উদ্যোগ গ্রহণে আগ্রহী/নতুন নারী উদ্যোক্তা চিহ্নিতকরণ, প্রশিক্ষণ প্রদান ও অর্থায়ন:** ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রতিটি শাখা তার অধিক্ষেত্রে উদ্যোগ গ্রহণে আগ্রহী/নতুন নারী উদ্যোক্তা সন্ধান করবে যারা ইতঃপূর্বে কোনো ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি থেকে ঋণ গ্রহণ করেননি/পাননি। এ কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি প্রয়োজনবোধে উক্ত এলাকার কলেজ/বিশ্ববিদ্যালয়, স্থানীয় চেম্বার বা ব্যবসায়িক সমিতি, স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ ইত্যাদি), সরকারিভাবে স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, স্থানীয় উদ্যোক্তাদের সংগঠন ইত্যাদির সহায়তা গ্রহণ করবে। উদ্যোগ গ্রহণে আগ্রহী/নতুন নারী উদ্যোক্তা খুঁজে পাবার পর সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি এ সার্কুলারের সংযোজনী-৬ অনুসারে তাদেরকে প্রশিক্ষণ প্রদান করবে। প্রতিবছর ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রতিটি শাখা অন্তত ৩ জন উদ্যোগ গ্রহণে আগ্রহী নারী/নতুন নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করবে এবং তাদের মধ্যে অন্তত ১ জনকে আবশ্যিকভাবে অর্থায়ন করবে।

১১.১.৩ **নতুন নারী উদ্যোক্তা অর্থায়নে গুরুত্ব:** সাধারণভাবে উদ্যোগ গ্রহণে আগ্রহী/নতুন নারী উদ্যোক্তাদের উদ্যোগ/ব্যবসা শুরু করতে অথবা চলমান উদ্যোগ/ব্যবসা প্রসারের লক্ষ্যে অর্থায়ন প্রদানের বিষয়টি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করবে। সেলক্ষ্যে নতুন নারী উদ্যোক্তাদের অর্থায়ন করার ক্ষেত্রে ন্যূনতম ব্যবসায়িক অভিজ্ঞতার শর্ত আরোপে নমনীয় মনোভাব পোষণ করতে হবে।

১১.১.৪ **নারী উদ্যোক্তা অর্থায়ন বিষয়ক Flyer/Brochure সরবরাহ:** ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রতিটি শাখায় নারী উদ্যোক্তাদের জন্য সহজ ভাষায় প্রণীত Flyer/Brochure রাখতে হবে। Flyer/Brochure এ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির নিজস্ব আর্থিক পণ্য/সেবা ও ঋণপণ্য বিষয়ক তথ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নারী উদ্যোক্তাদের জন্য প্রদত্ত সুবিধাদি ও স্ব স্ব প্রতিষ্ঠানের গ্রাহক স্বার্থ সংরক্ষণ সংক্রান্ত ফোন নম্বর/হটলাইন নম্বরসহ বাংলাদেশ ব্যাংকের গ্রাহক স্বার্থ সংরক্ষণ সংক্রান্ত হটলাইন নম্বর (১৬২৩৬) সংযোজন

করতে হবে। Flyer/Brochure এর সফট্ কপি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির ওয়েবসাইট ও শাখায় প্রদর্শিত QR কোডে অন্তর্ভুক্ত থাকতে হবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রত্যেক শাখা/উপশাখায় পর্যাপ্ত সংখ্যক Flyer/Brochure এর ছাপানো কপি সরবরাহের বিষয়টি প্রধান কার্যালয়ের WEDU নিশ্চিত করবে।

১২. ক্লাস্টার অর্থায়ন ও ক্লাস্টার উন্নয়নে বিশেষ নির্দেশনা

১২.১ **ক্লাস্টার অর্থায়নের জন্য পৃথক নীতিমালা:** এ সার্কুলারের ৩.১ নং অনুচ্ছেদে বর্ণিত ক্লাস্টার অর্থায়নের লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিটি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি ক্লাস্টার অর্থায়ন সংক্রান্ত পৃথক নীতিমালা প্রণয়ন করবে এবং পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করবে। অনুমোদিত নীতিমালার কপি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

১২.২ **ক্লাস্টার পণ্যের বৈচিত্র্য বিবেচনায় নিয়ে সুনির্দিষ্ট আর্থিক পণ্য/সেবা প্রচলন:** সংযোজনী-৩ এ প্রদত্ত ক্লাস্টার তালিকার ক্লাস্টার পণ্যের বৈচিত্র্য বিবেচনায় নিয়ে সুনির্দিষ্ট আর্থিক পণ্য/সেবা প্রচলন করতে হবে। প্রধান কার্যালয়ের SME Wing/Division/Department কর্তৃক ক্লাস্টার বিষয়ক আর্থিক পণ্য/সেবা প্রচলন ও প্রচার করতে হবে।

১২.৩ **ক্লাস্টার অর্থায়ন বৃদ্ধিতে গ্রাহক সচেতনতা সৃষ্টি:** দেশীয় পণ্যের বিকাশ, মূল্যসংযোজন ও দেশের অভ্যন্তরে অধিকতর কর্মসংস্থান সৃষ্টিকে প্রাধান্য দিতে ক্লাস্টারের গুরুত্ব বিবেচনায় নিয়ে এ খাতে অর্থায়ন প্রবাহ বৃদ্ধিতে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি গ্রাহক সচেতনতা সৃষ্টি করবে। এ প্রেক্ষিতে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির শাখাসমূহের অধিক্ষেত্র সংলগ্ন ক্লাস্টারে গ্রাহক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাংকার-গ্রাহক মতবিনিময়, আর্থিক সাক্ষরতা কার্যক্রম ও উন্মুক্ত ঋণ বিতরণ কর্মসূচি গ্রহণ করবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রধান কার্যালয়ের SME Wing/Division/Department কর্তৃক এ কার্যক্রম বাস্তবায়নে বাৎসরিক কর্মপরিকল্পনা থাকবে।

১৩. তথ্য ও উপাত্ত দাখিল

১৩.১ CMSME খাতে ঋণ বিতরণ সংক্রান্ত বিবরণী সংযোজনী-৭ মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের শেষ কার্য দিবসের মধ্যে) বাংলাদেশ ব্যাংকের RIT (Rationalized Input Template) এর মাধ্যমে দাখিল করতে হবে।

১৩.২ এ সার্কুলারের ৪.১, ৪.২ ও ৪.৩ নং অনুচ্ছেদ অনুসারে এজেন্ট ব্যাংকিং, MFI লিংকেজ ও Peer প্রতিষ্ঠানের মাধ্যমে বিতরণকৃত সিএমএস (CMS) ঋণের তথ্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক সংযোজনী-৮ মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের শেষ কার্য দিবসের মধ্যে) Email এর মাধ্যমে (smespd.monitoring@bb.org.bd) প্রেরণ করতে হবে।

১৩.৩ নারী উদ্যোক্তা প্রশিক্ষণ ও অর্থায়ন বিষয়ক তথ্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক সংযোজনী-৯ মোতাবেক বার্ষিক ভিত্তিতে (প্রতি বছরান্তে প্রথম মাসের শেষ কার্যদিবসের মধ্যে) পরিচালক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট বরাবরে দাখিল করতে হবে।

১৩.৪ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ক্লাস্টার অর্থায়ন বিষয়ক তথ্য সংযোজনী-১০ মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের শেষ কার্য দিবসের মধ্যে) Email এর মাধ্যমে (smespd.monitoring@bb.org.bd) প্রেরণ করতে হবে।

১৩.৫ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে নন-ফান্ডেড ঋণ সুবিধা প্রদান করা হলে CMSME অর্থায়নে সে তথ্য রিপোর্টযোগ্য হবে না। তবে, কোনো একটি উদ্যোগের অনুকূলে প্রদত্ত নন-ফান্ডেড ঋণ সুবিধা ফান্ডেড সুবিধায় রূপান্তরিত হলে তা রিপোর্টিংয়ের ক্ষেত্রে এ সার্কুলারের ২.১ নং ক্রমিকে বর্ণিত শিল্প উদ্যোগ ও ব্যবসা প্রতিষ্ঠানের ধরন নির্ণয়ের মানদন্ড ও ঋণের সর্বোচ্চ সীমা অনুসরণযোগ্য হবে।

১৩.৬ সময়ে সময়ে এ বিভাগের চাহিদার প্রেক্ষিতে CMSME ঋণ সংক্রান্ত জেলাওয়ারি তথ্য ও অন্য যে কোনো তথ্য-উপাত্ত ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি সরবরাহ করবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক প্রেরিত তথ্য-উপাত্তের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনানুসারে সরেজমিন পরিদর্শন কার্যক্রম পরিচালনা করবে।

## ১৪. CMSME খাতে পুনঃ অর্থায়ন তহবিল

CMSME খাতে অর্থায়ন প্রবাহ বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড সম্প্রসারণ, কর্মসংস্থান সৃষ্টি সর্বোপরি অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে সরকারের অঙ্গীকার বাস্তবায়নে এবং এ খাতে অর্থায়ন প্রবাহ সহজলভ্য করতে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক বেশ কিছু পুনঃ অর্থায়ন তহবিল পরিচালনা করা হচ্ছে এবং ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃ অর্থায়ন কার্যক্রম চলমান রয়েছে।

### ১৪.১ কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনে পুনঃ অর্থায়ন তহবিল

দেশের গ্রামাঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি খাতের পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন ও তদ্‌সংক্রান্ত সহায়ক সেবা প্রদানকারী খাতে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক অর্থায়নকে উৎসাহিত করতে আলোচ্য পুনঃ অর্থায়ন তহবিলটি চলমান রয়েছে। এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়নের শর্তাবলী নিম্নরূপ:

১৪.১.১ শিল্পটিকে এ সার্কুলারের সংযোজনী-১১ এ বর্ণিত এক বা একাধিক কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পের অন্তর্ভুক্ত হতে হবে। তবে, এ তালিকায় অন্তর্ভুক্ত নয় এমন কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে প্রদত্ত ঋণের বিপরীতে এ তহবিল হতে পুনঃ অর্থায়ন গ্রহণের জন্য এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

১৪.১.২ কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প/সেবা উদ্যোগটি মফস্বল এলাকায় অবস্থিত হলে উক্ত উদ্যোগে ঋণ প্রদানের বিপরীতে এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

১৪.১.৩ এ তহবিলের আওতায় শিল্প উদ্যোগের ধরন ও ঋণসীমা নির্ণয়ে এ সার্কুলারের ২.১ নং অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে।

১৪.১.৪ প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৭% এবং শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে ধার্যকৃত মুনাফার হার শরীয়াহ্ অনুমোদিত বিনিয়োগ নীতিমালার আলোকে নির্ধারণ করতে হবে তবে তা ৭% এর অধিক হবে না। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে প্রদত্ত পুনঃ অর্থায়নের উপর সুদ/মুনাফার হার হবে ২%।

### ১৪.২ নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃ অর্থায়ন তহবিল

অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ উৎসাহিত করতে এবং নারী ক্ষমতায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) নারী উদ্যোক্তা/নারী উদ্যোগে ঋণ/বিনিয়োগ প্রদানের বিপরীতে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির জন্য বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস হতে পুনঃ অর্থায়ন তহবিল চলমান রয়েছে। এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়নের শর্তাবলী হবে নিম্নরূপ :

১৪.২.১ এ সার্কুলারের ১.৭ নং অনুচ্ছেদে প্রদত্ত সংজ্ঞার আলোকে নারী উদ্যোক্তা প্রতিষ্ঠান/নারী উদ্যোগে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ তহবিল হতে পুনঃ অর্থায়ন প্রদান করা হবে।

১৪.২.২ এ তহবিলের আওতায় নারী উদ্যোক্তার শিল্প উদ্যোগের ধরন (অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র) ও মানদন্ড নির্ণয়ে এ সার্কুলারের ২.১ নং অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে।

১৪.২.৩ নতুন নারী উদ্যোক্তা/নারী উদ্যোগে অর্থায়নের বিপরীতেও এ তহবিল হতে পুনঃ অর্থায়নের আবেদন করা যাবে।

১৪.২.৪ এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়নের সীমা হবে নিম্নরূপ:

ক) অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক নারী উদ্যোক্তার ক্ষেত্রে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা;

খ) কুটির শিল্প উদ্যোগে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা;

গ) মাইক্রো শিল্প উদ্যোগে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা; এবং

ঘ) ক্ষুদ্র শিল্প উদ্যোগে সর্বোচ্চ ১ কোটি টাকা।

১৪.২.৫ এ তহবিলের আওতায় সহায়ক জামানতবিহীন ঋণের বিপরীতে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা পর্যন্ত পুনঃ অর্থায়ন করা হবে।

১৪.২.৬ এ তহবিলের আওতায় প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে ধার্যকৃত মুনাফার হার শরীয়াহ্ অনুমোদিত বিনিয়োগ নীতিমালার আলোকে নির্ধারণ করতে হবে তবে তা ৫% এর অধিক হবে না। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে প্রদত্ত পুনঃ অর্থায়নের উপর সুদ/মুনাফার হার হবে ০.৫%।

১৪.২.৭ এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়নপ্রাপ্ত ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি এবং সংশ্লিষ্ট নারী উদ্যোক্তা নিম্নবর্ণিত প্রণোদনা সুবিধা পাবেন:

ক) **প্রণোদনার নাম:** 'CMSME খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা'।

খ) **তহবিলের উৎস:** বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল।

গ) **তহবিলের মেয়াদ:** পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত চলমান।

ঘ) **প্রণোদনার হার ও উপকারভোগী:** ০১ জুলাই ২০২১ হতে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক যেসব CMS নারী উদ্যোক্তাদের অর্থায়নের বিপরীতে এ সার্কুলারের ১৪.২ নং অনুচ্ছেদ মোতাবেক পুনঃ অর্থায়ন গ্রহণ করা হয়েছে সেসব নারী উদ্যোক্তাগণ যদি উক্ত ঋণের অর্থ যথাযথ ব্যবহারান্তে নির্ধারিত সময়ের মধ্যে সমন্বয়/পরিশোধ করে থাকেন তবে উক্ত নারী উদ্যোক্তাগণ এবং সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি প্রত্যেকে উক্ত সমন্বয়কৃত/পরিশোধিত ঋণ অংকের উপর ১% হারে সর্বমোট ২% প্রণোদনা সুবিধা পাবেন।

ঙ) **প্রণোদনা দাবী ও নিষ্পত্তি:**

১. নারী উদ্যোক্তা পুনঃ অর্থায়ন তহবিলের আওতায় যে কোনো ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ পরিশোধ/সমন্বয়/আদায় হওয়া সাপেক্ষে এর বিপরীতে ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি প্রণোদনা দাবী করতে পারবে;

২. গ্রাহকের ঋণ মঞ্জুরিপত্রে প্রণোদনা বিষয়ক শর্ত/তথ্য অন্তর্ভুক্ত না থাকলে প্রণোদনার দাবী গ্রহণযোগ্য হবে না;

৩. প্রতি ত্রৈমাস শেষ হওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে যে সকল ঋণ/বিনিয়োগ নির্ধারিত মেয়াদে সমন্বয়/আদায়/পরিশোধ হয়েছে তার বিপরীতে পরিচালক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে সংযোজনী-১২ মোতাবেক প্রণোদনার জন্য আবেদন দাখিল করতে হবে এবং আবেদন পত্রের সাথে সংযোজনী-১২(ক) মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে প্রণোদনার হিসাবায়নও সংযুক্ত করতে হবে।

৪. ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক যাচাইপূর্বক প্রণোদনা বাবদ প্রাপ্য অর্থ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির চলতি হিসাবে জমা করা হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে পত্র মারফত অবহিত করা হবে।

৫. প্রণোদনার অর্থ বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্তির ৫ কর্মদিবসের মধ্যে ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি সংশ্লিষ্ট নারী উদ্যোক্তার প্রাপ্য অংশ গ্রাহকের ব্যাংক হিসাব/মোবাইল হিসাবে প্রদান করবে। তবে, এ অর্থ দ্বারা অন্য কোনো ঋণ হিসাব সমন্বয়/পরিশোধ করা যাবে না।

চ) **প্রণোদনার হিসাবায়ন:** প্রণোদনার পরিমাণ হিসাবায়নের জন্য সকল নিয়মিত ঋণ/বিনিয়োগের পরিমাণ ও ব্যবহারকাল বিবেচনা করতে হবে এবং Continuous/Revolving (সিসি, ওডি ইত্যাদি) ঋণ/বিনিয়োগ মেয়াদের মধ্যে নবায়ন করা হলে তার বিপরীতেও প্রণোদনা সুবিধা প্রযোজ্য হবে। তবে বিরূপমানে শ্রেণিকৃত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে এ প্রণোদনা প্রযোজ্য হবে না।

ছ) প্রণোদনা সুবিধা গ্রহণে এ সার্কুলারের অপরাপর প্রযোজ্য নির্দেশনা আবশ্যিকভাবে পরিপালন করতে হবে।

জ) প্রণোদনার আবেদন ও প্রণোদনার অর্থ গ্রাহক পর্যায়ে বিতরণে কোনোরূপ অনিয়ম পরিলক্ষিত হলে বাংলাদেশ ব্যাংক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

**১৪.৩ নতুন উদ্যোক্তা পুনঃ অর্থায়ন তহবিল**

১৪.৩.১ এ সার্কুলারের ১.৮ নং অনুচ্ছেদে সংজ্ঞায়িত নতুন উদ্যোক্তাদের অর্থায়নের বিপরীতে এ তহবিল হতে পুনঃ অর্থায়নের আবেদন করা যাবে।

১৪.৩.২ অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতের নতুন উদ্যোক্তার উদ্যোগ/ব্যবসার ধরন ও মানদন্ড নির্ণয়ে এ সার্কুলারের ২.১ নং অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে।

১৪.৩.৩ প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৭% এবং শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে আদায়কৃত মুনাফার হার শরীয়াহ্ অনুমোদিত বিনিয়োগ নীতিমালার আওতায় নির্ধারণ করতে হবে তবে তা ৭% এর অধিক হবে না। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে প্রদত্ত পুনঃ অর্থায়নের উপর সুদ/মুনাফার হার হবে ৩%।

১৪.৩.৪ এ তহবিলের আওতায় সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা পর্যন্ত পুনঃ অর্থায়ন করা হবে। তবে সহায়ক জামানতবিহীন ঋণের ক্ষেত্রে এ তহবিলের আওতায় সর্বোচ্চ ১০ লক্ষ টাকা পুনঃ অর্থায়ন করা হবে।

**১৪.৪ পুনঃ অর্থায়ন তহবিলসমূহের জন্য সাধারণ নির্দেশনা**

**১৪.৪.১ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান (PFIs):** এ সার্কুলারে বর্ণিত পুনঃ অর্থায়ন তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন গ্রহণের লক্ষ্যে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের সাথে চুক্তিবদ্ধ হলে তারা অংশগ্রহণকারী প্রতিষ্ঠান (Participatory Financial Institution - PFI) হিসেবে বিবেচিত হবে।

**১৪.৪.২ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হওয়ার যোগ্যতা:**

ক) শ্রেণিবিন্যাসিত ঋণ/বিনিয়োগের হার সর্বোচ্চ ১০%;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে মূলধন পর্যাপ্ততা, নগদ সংরক্ষণের হার (CRR) এবং বিধিবদ্ধ তরল সম্পদ সংরক্ষণের হার (SLR) যথানিয়মে সংরক্ষণ;

গ) একক গ্রাহকের বা গোষ্ঠীর ক্ষেত্রে বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা সংক্রান্ত নীতিমালা অনুসরণ ;

ঘ) ঝুঁকি ব্যবস্থাপনা ও মানি লন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের যথাযথ পরিপালন নিশ্চিতকরণ; এবং

ঙ) ন্যূনতম ৩ বছরের ব্যবসায়িক অভিজ্ঞতা।

চ) এতদ্ব্যতীত, আবেদনকারী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ঋণ-আমানত অনুপাত, তারল্য অবস্থা ইত্যাদিও যাচাই করা হবে।

**১৪.৪.৩ পুনঃ অর্থায়ন তহবিলের আওতায় ঋণের ধরন:**

ক) প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় চলতি (মেয়াদ ১ বছর বা কম) ও মেয়াদি (১ বছরের অধিক হতে ৭ বছর পর্যন্ত) ঋণের বিপরীতে পুনঃ অর্থায়ন প্রদান করা হবে।

খ) শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ শরীয়াহ্ অনুমোদিত বিনিয়োগ পদ্ধতি এবং সংশ্লিষ্ট পুনঃ অর্থায়ন তহবিলের শর্তাবলী পরিপালনপূর্বক গ্রাহকের অনুকূলে চলতি (মেয়াদ ১ বছর বা কম) ও মেয়াদি (১ বছরের অধিক হতে ৭ বছর পর্যন্ত) অর্থায়ন/বিনিয়োগের বিপরীতে পুনঃ অর্থায়ন গ্রহণ করতে পারবে।

গ) কোনো একটি নির্দিষ্ট তহবিল হতে ঋণ/বিনিয়োগ সীমার মধ্যে একটি প্রতিষ্ঠান/উদ্যোক্তা একসাথে সর্বোচ্চ ১টি মেয়াদি এবং ১টি চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে পারবে।

ঘ) একই উদ্যোগে/ব্যবসায় ব্যবহারের জন্য কোনো উদ্যোক্তা/প্রতিষ্ঠান একাধিক তহবিল হতে অথবা একাধিক ব্যাংকের মাধ্যমে একই তহবিল হতে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে না।

**১৪.৪.৪ পুনঃ অর্থায়ন প্রাপ্তির আবেদন প্রক্রিয়া:** অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ নমুনা ছকে [সংযোজনী-১৩ ও ১৩(ক)] প্রয়োজনীয় তথ্য/দলিলাদিসহ প্রতি মাস শেষে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে পুনঃ অর্থায়নের জন্য আবেদন দাখিল করবে। উল্লিখিত সময়ের মধ্যে আবেদন দাখিলে ব্যর্থ হলে তা তদ্‌পরবর্তী সর্বোচ্চ ২ মাসের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে উদ্যোক্তার জাতীয় পরিচয়পত্র এবং ঋণ মঞ্জুরি পত্রের কপিসহ অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, বিল অব এন্ট্রি, LC ডকুমেন্ট, ইনভয়েস, কোটেশন, লোন স্টেটমেন্ট ইত্যাদি) আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

**১৪.৪.৫ পুনঃ অর্থায়ন গ্রহণে প্রদেয় জামানত:** পুনঃ অর্থায়ন গ্রহণের প্রতিটি ক্ষেত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে পুনঃ অর্থায়ন হিসেবে গৃহীত সমপরিমাণ অর্থের প্রতিশ্রুতি পত্র (Demand Promissory Note) প্রদান করতে হবে। উক্ত প্রতিশ্রুতি পত্র পুনঃ অর্থায়ন বাবদ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট হতে বর্তমানে বা ভবিষ্যতে

প্রাপ্য সমুদয় অর্থ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক আইনানুসারে আদায়যোগ্য অন্যান্য খরচ, চার্জ বা ব্যয় (যদি থাকে) বাবদ প্রদেয় অর্থের জন্য চলমান জামানত হিসেবে কার্যকর থাকবে। যে কোনো সময় আকলন স্থিতি অথবা কোনো আংশিক পরিশোধ অথবা হিসেবে কম-বেশি অথবা জামানতের কোনো অংশ প্রত্যাহৃত হলেও অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের নিকট বাংলাদেশ ব্যাংকের পাওনা ঋণের জন্য সম্পাদিত চুক্তি এবং প্রতিশ্রুতিপত্র চলমান জামানত হিসেবে বহাল থাকবে।

**১৪.৪.৬ পুনঃ অর্থায়ন বাবদ গৃহীত ঋণ/আগাম পরিশোধ/আদায় পদ্ধতি:**

ক) চুক্তিতে উল্লিখিত আদায়সূচী অনুযায়ী সুদ/মুনাফাসহ পুনঃ অর্থায়িত অর্থের কিস্তি নির্ধারিত তারিখে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের চলতি হিসাব থেকে কর্তন করে নেয়া হবে। সে মোতাবেক সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের চলতি হিসাবে পর্যাপ্ত তহবিল সংরক্ষণ করতে হবে।

খ) প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় চলতি মূলধন ঋণ পুনঃ অর্থায়ন গ্রহণের তারিখ হতে ১ বছর পূর্তিতে সুদ/মুনাফাসহ আদায় করা হবে এবং মেয়াদী ঋণ পুনঃ অর্থায়ন গ্রহণের তারিখ হতে সমান ত্রৈমাসিক কিস্তিতে গ্রাহককে প্রদত্ত ঋণের সমান মেয়াদে সুদ/মুনাফাসহ আদায় করা হবে। এক্ষেত্রে গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণে গ্রেস পিরিয়ড (সর্বোচ্চ ১২ মাস) প্রদান করা হলে পুনঃ অর্থায়ন প্রদানের ক্ষেত্রেও অনুরূপ গ্রেস পিরিয়ড প্রদান করা হবে।

গ) পুনঃ অর্থায়নের কিস্তি আদায়কালে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের চলতি হিসাবে তহবিল/স্থিতি অপর্যাপ্ততার কারণে আদায়যোগ্য বকেয়া/কিস্তি আদায় করা সম্ভব না হলে, পুনঃ অর্থায়নকালে আরোপিত সুদ/মুনাফার হার অপেক্ষা ৫% অধিক হারে অতিরিক্ত সময়ের সুদ/মুনাফাসহ তহবিল পর্যাপ্ততা সাপেক্ষে আদায় করা হবে।

**১৪.৪.৭ ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরি, বিতরণ ও আদায়:** ঋণ/বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, ঋণ/বিনিয়োগ মঞ্জুরি ও বিতরণ, দলিলাদি সম্পাদন, ডেট-ইক্যুইটি (Debt-Equity) অনুপাত, মার্জিন ঋণের সদ্ব্যবহার ও তদারকির ব্যাপারে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের ঝুঁকি ব্যবস্থাপনা, ঋণ নীতিমালা এবং এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের অপরাপর নির্দেশনা পরিপালনপূর্বক উদ্যোক্তার অনুকূলে ঋণ/বিনিয়োগ প্রদান করবে। বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের উপর ন্যস্ত থাকবে। ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধের কোনো সম্পর্ক থাকবে না।

**১৪.৪.৮ পুনঃ অর্থায়নপ্রাপ্ত ঋণের অর্থ অগ্রিম সমন্বয় করা হলে করণীয়:**

ক) কোনো অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পুনঃ অর্থায়ন ঋণ গ্রাহক কর্তৃক অগ্রিম সমন্বয় করা হলে তা অত্র বিভাগকে অবহিত করতে হবে এবং পুনঃ অর্থায়ন বাবদ গৃহীত অর্থ ফেরতের বা সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) গ্রাহকের সমন্বয়কৃত ঋণ সম্পর্কে সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠান অত্র বিভাগকে সময়মত অবহিত না করে ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করলে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায়/শরীয়াহ্‌ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে উক্তরূপে গৃহীত অর্থ পুনঃ অর্থায়নকালে আরোপিত সুদ/মুনাফার হার অপেক্ষা ৫% অধিক হারে সুদ/মুনাফাসহ এককালীন আদায়যোগ্য হবে।

**১৪.৪.৯ ভুল/মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে পুনঃ অর্থায়ন/প্রণোদনা গ্রহণ করা হলে করণীয়:**

ক) অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক পুনঃ অর্থায়ন গ্রহণের আবেদনে কোনোরূপ ভুল বা মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করা হলে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায়/শরীয়াহ্‌ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে উক্তরূপে গৃহীত অর্থ পুনঃ অর্থায়নকালে আরোপিত সুদ/মুনাফার হার অপেক্ষা ৫% অধিক হারে সুদ/মুনাফাসহ এককালীন আদায়যোগ্য হবে।

খ) অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক কোনোরূপ ভুল বা মিথ্যা তথ্যসহকারে প্রণোদনার আবেদন করা হলে উক্ত আবেদন বাতিল করা হবে এবং আবেদনকৃত অর্থের ২% জরিমানা এককালীন আদায় করা হবে।

**১৪.৪.১০ পুনঃ অর্থায়ন সংশ্লিষ্ট স্থিতি নিশ্চিতকরণ:** এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট হতে প্রেরিত নির্ধারিত ছক অনুযায়ী অংশগ্রহণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে ষান্মাসিক ভিত্তিতে (জুন ও ডিসেম্বর) এ বিভাগ সংশ্লিষ্ট তহবিলসমূহে স্থিতি নিশ্চিতকরণ সনদ (Balance Confirmation Certificate) দাখিল করতে হবে।

**১৪.৪.১১ পুনঃ অর্থায়ন আবেদন বাতিল প্রসঙ্গে ঃ** অসম্পূর্ণ তথ্য বা ভুল তথ্য সহকারে পুনঃ অর্থায়ন আবেদন করা হলে অথবা পুনঃ অর্থায়নের আবেদন পরিদর্শনকালে এ বিভাগের নিকট আবেদন যথাযথ হয়নি মর্মে প্রতীয়মান হলে উক্ত পুনঃ অর্থায়ন আবেদন বাতিল করা হবে।

**১৪.৪.১২ দলিলাদি তলব ও প্রকল্প পরিদর্শন ঃ** সময়ে সময়ে ও প্রয়োজনানুসারে এ বিভাগ কর্তৃক পুনঃ অর্থায়ন ও প্রণোদনা মঞ্জুরির পূর্বে বা পরে এতদ্‌সংক্রান্ত দলিলাদি তলব ও প্রকল্প পরিদর্শন করা হবে।

১৫. বিবিধ

**১৫.১ CMSME অর্থায়ন বিষয়ক পোস্টার ঃ** সংযোজনী-১৪ এ প্রদত্ত ২৪"X ১৮" পরিমাপের রঙ্গিন পোস্টারের প্রিন্টেড কপি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রতিটি শাখা, উপশাখা ও এজেন্ট আউটলেটের দৃষ্টিগোচর স্থানে প্রদর্শন করতে হবে অথবা ডিজিটাল ড্যাশবোর্ডে প্রদর্শন করতে হবে।

**১৫.২ আন্তর্জাতিক এমএসএমই দিবস (International MSME Day) উদযাপন ঃ** জাতিসংঘের ঘোষণা মোতাবেক প্রতিবছর ২৭ জুন তারিখ বিশ্বব্যাপী International MSME Day পালিত হয়। এ দিবসে CMSME খাতের অবদানের স্বীকৃতি দিতে জাতিসংঘের সদস্য দেশসমূহ নানাবিধ কর্মসূচি পালন করে থাকে। আন্তর্জাতিক পরিমন্ডলের সাথে সামঞ্জস্য রেখে এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে CMSME খাতের গুরুত্ব তুলে ধরতে দিবসটি উদযাপনে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে নিম্নোক্ত পরামর্শ দেয়া হলো:

ক) International MSME Day উপলক্ষ্যে প্রতিবছর ২৭ জুন তারিখে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির প্রধান কার্যালয়/আঞ্চলিক কার্যালয় ও শাখা/উপশাখা/এজেন্ট আউটলেট বেলুন/ফেস্টুন দিয়ে সজ্জিত করা;

খ) ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক উক্ত দিবসে CMSME উদ্যোক্তাদের জন্য বিশেষ পণ্য/সেবা উদ্বোধন অথবা উদ্যোক্তা সমাবেশ/মতবিনিময় সভা আয়োজন;

গ) ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াসহ বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির CMSME বিষয়ক আর্থিক পণ্য/সেবার Infographics সম্বলিত তথ্য/উপাত্ত প্রচার অথবা টেলিভিশন বিজ্ঞাপন বা টক শো অথবা এ জাতীয় অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে সর্বস্তরের জনগনের কাছে SME খাতের গুরুত্ব ও অবদান তুলে ধরা ইত্যাদি।

১৬. ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত অন্যান্য সকল প্রযোজ্য নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৭. ব্যাংক কোম্পনি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

বাংলাদেশ ব্যাংকের বর্ণিত নীতিমালা/ নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক সিএমএসএমই খাতে অর্থায়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

20/04/2025 — এস. এম. শরীফুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক

20.04.25 — মোঃ আব্দুল মতিন, মহাব্যবস্থাপক

সংযোজনী-১

| ক্রমিক নং | সার্কুলার নং | তারিখ | শিরোনাম |
|---|---|---|---|
| ১. | এসএমইএসপিডি সার্কুলার নং ০২ | ০৫/০৯/২০১৯ | কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (সিএমএসএমই) অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার। |
| ২. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০১ | ১৯/১২/২০১৯ | সহায়ক জামানত হিসেবে 'ব্যক্তিগত গ্যারান্টি' গ্রহণ সংক্রান্ত নির্দেশনা পরিপালন প্রসঙ্গে। |
| ৩. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০২ | ০৭/০৫/২০২০ | 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম', 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম', এবং 'নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল' অধিকতর কার্যকর করা প্রসঙ্গে। |
| ৪. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০৬ | ২৩/০৭/২০২০ | সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগের আবেদনপত্র অধিকতর গ্রাহকবান্ধব (Borrower Friendly) করণ প্রসঙ্গে। |
| ৫. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ১১ | ২১/১০/২০২০ | সিএমএসএমই খাতে প্রদত্ত ঋণ/অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রাপ্তি প্রসঙ্গে। |
| ৬. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০৯ | ০৪/০৮/২০২১ | সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কাঙ্খিত মাত্রায় উন্নীতকরণ প্রসঙ্গে। |
| ৭. | এসএমইএসপিডি সার্কুলার নং ০৮ | ১৭/০৮/২০২১ | সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে। |
| ৮. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০২ | ২০/০৬/২০২২ | সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে। |
| ৯. | এসএমইএসপিডি সার্কুলার নং ০৫ | ১৪/০৮/২০২২ | সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন প্রসঙ্গে। |
| ১০. | এসএমইএসপিডি সার্কুলার নং ০৪ | ১৬/০৩/২০২৩ | কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগসমূহে প্রদেয় খাতভিত্তিক ঋণের লক্ষ্যমাত্রা ও তার বিভাজন প্রসঙ্গে। |
| ১১. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০৬ | ২৫/০৬/২০২৩ | 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে। |
| ১২. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০৭ | ২৬/০৭/২০২৩ | সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে। |
| ১৩. | এসএমইএসপিডি সার্কুলার নং ১ | ০৩/০৯/২০২৩ | সিএমএসএমই খাত সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও সুবিধা সম্পর্কে প্রান্তিক পর্যায়ে সচেতনতা বৃদ্ধিকল্পে ব্যাংকের শাখায় পোষ্টার স্থাপন প্রসঙ্গে। |
| ১৪. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ১০ | ০১/১০/২০২৩ | 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম' এর নাম এবং নীতিমালা পরিবর্তন প্রসঙ্গে। |
| ১৫. | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং ০১ | ০৮/০১/২০২৫ | সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে। |

সংযোজনী-২

## সেবা শিল্পসমূহ (সূত্রঃ অনুচ্ছেদ নং - ১.৪)

### ক) জাতীয় শিল্পনীতি ২০২২ এ প্রদত্ত সেবা শিল্পের তালিকা

১. তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা (আইটিইএস) ও কর্মকান্ড। যেমন- সিস্টেমস এনালাইসিস, ডিজাইন, সলিউশন সিস্টেম উন্নয়ন, তথ্য সেবা প্রদান, কল সেন্টার সার্ভিস, অফশোর ডেভেলপমেন্ট সেন্টার (ওডিসি), বিজনেস প্রসেস আউট সোর্সিং (বিপিও) ইত্যাদি।

২. কৃষিভিত্তিক কর্মকান্ড, যেমন- কৃষি পণ্য, শস্য, ফলমূল ও সবজি প্রক্রিয়াজাতকরণ, সীউইড প্রক্রিয়াজাতকরণ, মৎস্য আহরণ, মৎস্য সংরক্ষণ ও বিপণন ইত্যাদি।

৩. নির্মাণ শিল্প ও হাউজিং

৪. বৈদেশিক কর্মসংস্থান

৫. হোটেল ও রেস্তোরাঁ শিল্প

৬. বিনোদন শিল্প

৭. জিনিং অ্যান্ড বেলিং

৮. নিউক্লিয়ার ও এনালাইটিক্যাল সেবা (যেমন- নিউক্লিয়ার চিকিৎসা সেবা)

৯. পর্যটন ও সেবা

১০. মানব সম্পদ উন্নয়ন, উচ্চমানের মেধা ও দক্ষতাসম্পন্ন নলেজ সোসাইটি

১১. বিভিন্ন ধরনের টেস্টিং ল্যাবরেটরী

১২. ফটোগ্রাফি

১৩. টেলিকমিউনিকেশন

১৪. পরিবহন ও যোগাযোগ

১৫. ওয়্যারহাউজ

১৬. ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্সি

১৭. ফিলিং স্টেশন (পেট্রোল পাম্প, সি এন জি স্টেশন, কনভার্শন সেন্টার)

১৮. প্রাইভেট ইনল্যান্ড কনটেইনার ডিপো এন্ড কনটেইনার ফ্রেইট স্টেশন

১৯. ট্যাংক টার্মিনাল

২০. চেইন সুপার মার্কেট/শপিং মল

২১. এ্যাভিয়েশন সার্ভিস

২২. ইন্সপেকশন এন্ড টেস্টিং সার্ভিস

২৩. আঞ্চলিক ফিডার ভেসেল ও কোস্টাল জাহাজ চলাচল শিল্প

২৪. ড্রাই ডকিং ও জাহাজ মেরামত শিল্প

২৫. মডার্নাইজড্ ক্লিনিং সার্ভিস ফর হাইরাইজ এপার্টমেন্টস, কমার্শিয়াল বিল্ডিং

২৬. অটো মোবাইল সার্ভিসিং

২৭. টেকনিক্যাল ভোকেশনাল ইন্সটিটিউটস

২৮. বিজ্ঞাপন শিল্পখাত ও মডেলিং যেমন- প্রিন্ট মডেলিং, টিভি কমার্শিয়ালস, র‍্যাম্প মডেলিং (ক্যাট ওয়াক/ফ্যাশন)

২৯. মানসম্মত বীজের জন্য গবেষণা এবং উন্নয়ন

৩০. আউটসোর্সিং এবং সিকিউরিটি সার্ভিস (বেসরকারিভাবে নিরাপত্তারক্ষী/জনবল সরবরাহ)

৩১. সমুদ্রগামী জাহাজ চলাচল ব্যবসা

৩২. চলচ্চিত্র শিল্প

৩৩. নিউজ পেপার শিল্প

৩৪. বহুমাত্রিক কেমিক্যাল প্লান্ট

খ) বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো কর্তৃক জারিকৃত **CIB Batch Contribution User Guide** এ বর্ণিত সেবা শিল্পের তালিকা:

1. Road Transport Companies (including Rent -a - car)
2. Water Transport
3. Air Transport
4. Construction Companies
5. Publishing Industries (including printing press)
6. Telecommunication (Mobile/cellular operators and private land phone)
7. Housing Companies or Societies/Land Developers
8. Warehouse
9. Buying House
10. Entertainment Services (Amusement Park, Theme Park, Eco Park, Zoo etc.)
11. Hospitals, Clinics, Diagnostic Centers and Other Health Services
12. IT-based activities ((system analysis, design, developing system solutions, Grameen Solution, information service, Call centre service, offshore development centre, business process outsourcing , Cyber Cafes, Internet Service Providers etc.)
13. Courier Services & Express Mail Services
14. Restaurants /Fast Food
15. Photo Studios and Color labs
16. Travel Agencies/Overseas Employment / Aviation Service/ Immigration consultants/Ticket sales agent
17. Cold-Storages
18. Beauty Parlour/ Saloons/ Health Club/Fitness centre
19. Clearing and Forwarding (C & F) Agents
20. Testing Laboratory
21. Tourism Industry
22. Filling Stations (Petrol Pump, CNG Station, LNG Refueling)
23. Private Inland Container Depot and Container Freight Station
24. Tank Terminal
25. Chain Super Market/Shopping Mall
26. Stone Crashers
27. Jewelry Services
28. Modernized Cleaning Service for High-rise Apartments, Commercial Building
29. Auto mobile service including CNG conversion centre.
30. Advertising Industry and modeling (print modeling, TV commercials, ramp modeling, catwalk, fashion-show)
31. Outsourcing and Security Service (Private Security forces/manpower supply)
32. Residential Hotels ( Including 3 star & Above)
33. Caterers /Decorators/Sound & Lighting rental business
34. Community Centers/ Convention centers/Auditorium
35. Shipping Agency

36. Freight Forwarders
37. Indenting firms
38. Legal advisory Firms
39. Laundry Services
40. Private Survey Institutions
41. Sports and Event management organization
42. Tailoring Shop and Tailors
43. Satellite Cable Operator
44. Satellite Channel Distributor/Cinema Distributors
45. Audit and Accounting Firm/CA Firm/ Credit Rating Company
46. Cinema Studio
47. Cinema Hall/Cineplex
48. Graphic Designers
49. Light Engineering and Metal-workshop
50. Consultancy & Supervisory Firms
51. Interior Design & Decorators and other consultancy firms
52. Contractor and Supplier firms
53. Other Service Providing Organizations

ক্লাস্টার তালিকা (সূত্র: অনুচ্ছেদ নং - ১.১১)

| S.L No | Name of the product | Sector | Village | Union | Upazila | District |
|---|---|---|---|---|---|---|
| 1 | Ata, Flour, Suji, Vushi, Filter | Agri and Agro-Processed Products | 18 no ward | Narayanganj City Corporation. | Narayanganj City Corporation. | Narayanganj |
| 2 | Rice | | Dhigor, Kalihati | Ghatail, Kalihati | Khulna | Khulna |
| 3 | | | Galotti | Dhigor | Ghatail | Tangail |
| 4 | | | Nouhata | Sherpur | Sherpur | Sherpur |
| 5 | | | 3 no. Digharpar | Sherpur | Sherpur | Sherpur |
| 6 | | | Sorujganj Market | Kutubpur, Shankorchandra | Chuadanga Sadar | Chuadanga |
| 7 | | | Jibonnagar | Jibonnagar | Jibonnagar | Chuadanga |
| 8 | | | Khajanagar | Bottola | Kushtia Sadar | Kushtia |
| 9 | | | Hatgopalpara | Hatgopalpur | Jhenaidah Sadar | Jhenaidah |
| 10 | | | Narayanpur | Bakanda | Jhenaidah Sadar | Jhenaidah |
| 11 | | | Cachkor Bazar | Gurudashpur | Gurudashpur | Natore |
| 12 | | | Hapania | Hapania | Naogaon Sadar | Naogaon |
| 13 | | | Mohadebpur | Mohadebpur | Mohadebpur | Naogaon |
| 14 | | | Pulhata | Dinajpur sadar | Dinajpur | Dinajpur |
| 15 | | | Shibganj | Mohammadpur | Thakurgaon | Thakurgaon |
| 16 | | | Poschim Buragari | Domar | Domar | Nilphamari |
| 17 | | | Jal Dhaka | Jal Dhaka | Jal Dhaka | Nilphamari |
| 18 | | | BaburHat | Dimla | Dimla | Nilphamari |
| 19 | | | Barabazar | Nilphamari sadar | Nilphamari sadar | Nilphamari |
| 20 | | | Kotrapara | Kotrapara | Sorail | Brahmanbaria |
| 21 | | | Puranbazar | Chandpur | Chandpur | Chandpur |
| 22 | | | Meruba Bot tola | Sherpur | Sherpur | Bogra |
| 23 | | | Joynagar | Dashuria | Ishwardi | Pabna |
| 24 | Lentils | | Gualchamot, Shuvarampur, Kanaipur | Faridpur Sadar | Faridpur Sadar | Faridpur |
| 25 | Sweets | | Nimtola | Natore | Natore | Natore |
| 26 | Ator, Agor | | Sujanagar | Sujanagar | Barlekha | Maulvibazar |
| 27 | oil | | Ananta | Dugachi | Pabna sadar | Pabna |
| 28 | Coconut Oil | | Bagerhat Sadar | Bagerhat Sadar | Bagerhat Sadar | Bagerhat |
| 29 | Salt | | Islampur | Cox's Bazar Sadar | Cox's Bazar Sadar | Cox's Bazar |
| 30 | | | Indrapool, 1 no ward | Potia | Potia | Chittagong |
| 31 | | | Majhirghat, 30 no ward | Chittagong City Corp. | Chittagong Port | Chittagong |
| 32 | Bakery and Confectionary | | Rupsha | Rupsha | Rupsha | Khulna |
| 33 | Fish | | Rupsha | Rupsha | Rupsha | Khulna |
| 34 | Flower | | Godkhali | Godkhali | Jhikargacha | Jessore |
| 35 | Light Engineering product such as repairing parts, agricultural machinery | | Lalbag, Kamrangirchar, Rahamatganj | Kamrangirchar, Lalbag | Kamrangirchar, Lalbagh | Dhaka |
| 36 | | | Tipu Sultan road, Gualhat, Jurpur lane | Sutrapur | Sutrapur | Dhaka |
| 37 | | | Narinda, Shah shaheb lane, Shamibag, Gendaria | | Kotwali, Sutrapur | Dhaka |
| 38 | | | Bonogram, Juginagar, BCC road, Nobabpur, Benkin St | Faridpur Sadar | Sutrapur | Dhaka |
| 39 | | | Puran and Notun Bus Stand | | Faridpur Sadar | Faridpur |
| 40 | | | 9 no | Dokkhin Chakbazar | Barisal Sadar | Barisal |
| 41 | | | Vodra | Rajshahi | Rajshahi | Rajshahi |
| 42 | | | Madrashamore, Chakrampur | Natore | Natore | Natore |
| 43 | | | Municipality area | Naogaon | Naogaon Sadar | Naogaon |
| 44 | | | Pathantuli-Kalabagan-Commerce college road | Chittagong City Corporation | Double Morring | Chittagong |
| 45 | | | Pahartoli-Saraipara-Colonel hat | Chittagong City Corporation | Pahartoli | Chittagong |
| 46 | | | Muradpur-Bibirhat-Sholoshahar-Nasirabad | Chittagong City Corporation | Pachlash | Chittagong |
| 47 | | | Fouzdarhat-Bhatiyari-Shitakunda | Chittagong City Corporation | Shitakunda | Chittagong |
| 48 | | | Old Sonagazi Bustand-Academy | Feni Sadar | Feni Sadar | Feni |

ক্লাস্টার তালিকা (সূত্রঃ অনুচ্ছেদ নং - ১.১১)

| S.L No | Name of the product | Sector | Village | Union | Upazila | District |
|---|---|---|---|---|---|---|
| 49 | | Light Engineering and Metal Working | Lalpul | Feni Sadar | Feni Sadar | Feni |
| 50 | | | Purbo Medda | Brahmanbaria | Brahmanbaria Sadar | Brahmanbaria |
| 51 | | | Station Road | Comilla City Corporation | Comilla | Comilla |
| 52 | | | Railway Market | Bogra sadar | Bogra sadar | Bogra |
| 53 | | | Ramchandrapur | Pabna sadar | Pabna | Pabna |
| 54 | | | Wari | Sutrapur | Sutrapur | Dhaka |
| 55 | | | 19 no Ward | Khulna City Corporation | Khulna | Khulna |
| 56 | | | Habiganj | Habiganj | Habiganj | Sylhet |
| 57 | Motor car parts Manufacturing, Repairing, Painting | | Bokchar | Jessore Sadar | Jessore Sadar | Jessore |
| 58 | Metal (Bathroom fittings)-Light Engineering | | 84, 85 no ward | Uttar Jatrabari | Jatrabari | Dhaka |
| 59 | Steel Furniture, Grill, File cabinet, Cabinet drawers, Show case, Hospital equipment. | | Probinbazar | Madaripur Sadar | Madaripur Sadar | Madaripur |
| 60 | | | Hazratola, Gualchamot | Faridpur Sadar | Faridpur Sadar | Faridpur |
| 61 | | | Hamdaho Bus stand | Jhinaidah Sadar | Jhenaidah Sadar | Jhenaidah |
| 62 | | | Chittagong City Corporation | Chittagong City Corporation | Chittagong | Chittagong |
| 63 | | | Nosua, Hoibotnagar | Kishorganj Sadar | Kishoreganj Sadar | Kishoreganj |
| 64 | Light Engineering, Textile Parts, Stone Breaking Machine. | | Jessore Municipality | Jessore Sadar | Jessore | Khulna |
| 65 | Marine engine parts repairing | | Anderson Road | Cox's Bazar Sadar | Cox's Bazar | Cox's Bazar |
| 66 | Iron bar, Rod board | | Khulna City Corporation | Khulna City Corporation | Khulna | Khulna |
| 67 | Embroidery-Garments related forward linkage products | Knitwear and Readymade Garments | Nikunja | Khilkhet | Khilkhet | Dhaka |
| 68 | Embroidery | | Shyamoli, Mohammadpur | | Muhammadpur, Adabor | Dhaka |
| 69 | Screen Printing, Dyeing and Printing, Grey Fabrics | | Shialbari, Shenpara, Parbota | Mirpur | Mirpur | Dhaka |
| 70 | | | Narsingdi Sadar | Narsingdi Sadar | Narsingdi | Narsingdi |
| 71 | | | Madhobdi | Narsingdi Sadar | Narsingdi | Narsingdi |
| 72 | Children wear, Woman wear | | Shakhari Bazar | | Munshiganj Sadar | Munshiganj |
| 73 | | | 14 no ward | Narayanganj City Corporation | Narayanganj City Corporation | Narayanganj |
| 74 | | | 1-15 no ward | Narayanganj City Corporation | Narayanganj City Corporation | Narayanganj |
| 75 | | | Choto Balua | Balua | Sonatola | Bogra |
| 76 | Vest, Underwear, Baby set, Ladies Cardigan, Muffler | | BSCIC Hosiery Industrial Estate | Narayanganj City Corporation | Narayanganj Sadar | Narayanganj |
| 77 | Knitwear | | Kunabari | Kunabari | Gazipur Sadar | Gazipur |
| 78 | Sweater | | Kunabari | Kunabari | Gazipur Sadar | Gazipur |
| 79 | Sweaters, Hats, Socks | | Dharaikandi | Kochashahar | Gobindaganj | Gaibandha |
| 80 | Jhute (Spare), Garments (half-pant) | | 6 no ward | Gouripur | Gouripur | Mymensingh |
| 81 | Clothes | | Kumarkhali | Kumarkhali | Kumarkhali | Kushtia |
| 82 | Loom and Silk | | Harinagar | Nayanavanga | Shibganj | Chapai Nawabganj |
| 83 | Short pant, three quarters, Trousers, Jacket, Full pant | | Munipara, Noya Tola, Mistripara, Babupara, Hatipara | Syedpur | Syedpur | Nilphamari |
| 84 | Sharee, Lungi | | Balmabari | Durganagar | Ullapara | Shirajganj |
| 85 | | | Monirampur | Shahjadpur | Shajadpur | Shirajganj |
| 86 | | | Chandangati | Belkuchi | Belkuchi | Shirajganj |
| 87 | Hosiery | | Parbotiganj | Pabna sadar | Pabna sadar | Pabna |
| 88 | Sharee, Dupatta, Three Piece, Panchari | | Chondigram | Pathrail | Delduar | Tangail |

ক্লাস্টার তালিকা (সূত্র: অনুচ্ছেদ নং - ১.১১)

| S.L No | Name of the product | Sector | Village | Union | Upazila | District |
|---|---|---|---|---|---|---|
| 89 | Benarosi Sharee, Fulkoli, Opera, Katan Brufet, Three Piece | **Designer, aesthetically-challenging, personal wear and effects** | 2,3 & 5 no ward | Pallabi | Pallabi | Dhaka |
| 90 | Jamdani Sharee, Panjabi | | 1-9 no ward | Taraboo | Rupganj | Narayanganj |
| 91 | | | BSCIC Jamdani polli | Rupganj | Rupganj | Narayanganj |
| 92 | | | 5-9 no ward | Kanchpur | Sonargaon | Narayanganj |
| 93 | | | Bargaon, Kaziparagaon, Shadipur | Shadipur | Sonargaon | Narayanganj |
| 94 | | | Bainadi, Masimpur, Masudabad | Murapara | Rupganj | Narayanganj |
| 95 | | | Ichakhali | Rupganj | Rupganj | Narayanganj |
| 96 | | | Siddirganj | Siddirganj | Siddirganj | Narayanganj |
| 97 | Jewelry | | Gadinarpar | Mymensingh Sadar | Mymensingh Sadar | Mymensingh |
| 98 | | | Niltoli, Mujib Sarak | Faridpur Sadar | Faridpur Sadar | Faridpur |
| 99 | | | Lalbazar | Natore | Natore | Natore |
| 100 | | | Sonapotti | Naogaon | Naogaon Sadar | Naogaon |
| 101 | | | Bangla bazaar | Habiganj | Habiganj | Habiganj |
| 102 | Boutique | | Asam Colony Power House More | Rajshahi City Corporation | Rajshahi City Corporation | Rajshahi |
| 103 | Wool's chadar, Bed cover, Muffler, Koti, Bag, Cap | | Adittyapara | Shibganj | Sylhet | Sylhet |
| 104 | Chadar, Bed, Tailoring | | Moheshkhali | South Rakhainala | Moheshkhali | Cox's Bazar |
| 105 | Leather goods | **Leather making and Leather Goods** | 48 No. Ward | Dhaka City Corp. | Hazaribag | Dhaka |
| 106 | Shoe | | Siddique Bazar, Nobabganj, Hazaribag | Dhaka City Corporation | Kotwali | Dhaka |
| 107 | | | Polashnagar, Lalmath, Mirpur-11, Balumath | Pallobi | Pallabi | Dhaka |
| 108 | | | Suritola | Kotwali | Kotwali | Dhaka |
| 109 | | | Khulna Stadium market | Khulna Municipility | KCC | Khulna |
| 110 | | | Pirbari | Brhmanbaria | Brahmanbaria | Brahmanbaria |
| 111 | | | Kaluhati | Nimpara | Charghat | Rajshahi |
| 112 | | | Station road | Natore | Natore | Natore |
| 113 | Sandle (Rexin and Leather) | | Club Bari, Nawabgang, | Nobabganj | Lalbag | Dhaka |
| 114 | | | Kamrangirchar | Kamrangirchar | Kamrangirchar | Dhaka |
| 115 | | | 58 No ward | Hazaribag | Hazaribag | Dhaka |
| 116 | | | Purbo-Madarbari | CCC | CCC | Chittagong |
| 117 | Raw Material of shoe, footwear Packet | | Chondigor, Majhirchar, Shimulkandi, Kaliganj | Bhairab | Bhairab | Kishoreganj |
| 118 | Healthcare services | Healthcare and Diagnostic | Tangail Sadar | Tangail Sadar | Tangail Sadar | Tangail |
| 119 | | | Charpara | Mymensingh Sadar | Mymensingh Sadar | Mymensingh |
| 120 | | | Laksmipur Mur | Rajshahi | Rajshahi | Rajshahi |
| 121 | | | Dhap, Jail road | Rangpur Sadar | Rangpur Sadar | Rangpur |
| 122 | Bandage, Gauge | | Nolta Sharif | Nolta | kaliganj | Satkhira |
| 123 | Plastic Materials | Plastics and Other Synthetics | Islambag | Chakbazar | Chakbazar | Dhaka |
| 124 | Plastic Items | | Sultanganj | Sultanganj | Kamrangirchar | Dhaka |
| 125 | Mono Filament Net | | Panchashor, Rampal | Munshiganj Sadar | Munshiganj Sadar | Munshiganj |
| 126 | Electrical and Electronics Accessories | **Electronics and Electrical** | Uttar Dhonia, Mataul, Kazla | | Jatrabari | Dhaka |
| 127 | | | Electronics Industy Area | Shyampur | Shyampur | Dhaka |
| 128 | Coaching Center | **Educational Services** | Tangail Sadar | Tangail Sadar | Tangail Sadar | Tangail |
| 129 | | | Farmgate | | Tejgoan | Dhaka |
| 130 | Textile Grey Fabric | | Sadar | Nashingdi Sadar | Narsingdi | Narsingdi |
| 131 | Handloom products | | Bolla, behalbari, Bolodkura, Tenguria | Bolla, Nobabbari, Paikra | Kalihati | Tangail |
| 132 | Handloom products | | Belta, Bajitpur, Kabilapara | Tangail Sadar | Tangail Sadar | Tangail |
| 133 | Sharee, Lungi | | Kashinathpur | Sathiya | Sathiya | Pabna |

সংযোজনী-৩

ক্লাস্টার তালিকা (সূত্র: অনুচ্ছেদ নং - ১.১১)

| S.L No | Name of the product | Sector | Village | Union | Upazila | District |
|---|---|---|---|---|---|---|
| 134 | Hand-knitted textile | **Handloom and Specialized Textile** | Humikganj | Kamalganj | Kamalganj | Moulvibazar |
| 135 | Three piece, Bed cover, Sharee, Orna | | Mongalpur | Alinagar | Kamalganj | Moulvibazar |
| 136 | Thread | | Bara | babra | Chandina | Comilla |
| 137 | | | Sonapur | Chandina | Chandina | Comilla |
| 138 | Chadar, Gamsa | | Jogaipur | Lahiripara | Bogra sadar | Bogra |
| 139 | Blanket, Towel, Chador | | Saoil | Nashatpur | Adamdighi | Bogra |
| 140 | Beauty Parlor | **Handicrafts and Miscellaneous sector** | 3,4,5 no ward | Jamalpur Sadar | Jamalpur Sadar | Jamalpur |
| 141 | | | 7,9 & 10 no ward | Mymensingh Sadar | Mymensingh Sadar | Mymensingh |
| 142 | Handicraft and Nakshi Katha | | 3 no Ward | Jamalpur Sadar | Jamalpur Sadar | Jamalpur |
| 143 | | | Shimulia | Shimulia | Jhikorgacha | Jessore |
| 144 | | | Islampur | Islampur | Chapainawabganj | Chapainwabganj |
| 145 | Handicraft | | Kechuadubi | Moli | Magura sadar | Magura |
| 146 | Pottery | | Chamta | Niyamoti | Bakerganj | Barisal |
| 147 | | | 8 no ward | Tona | Pirojpur Sadar | Pirojpur |
| 148 | | | Pal para | Darul aman | Damuddya | Shariyatpur |
| 149 | | | Suraboi, Rajpura | Nurpur, 6 no union | Shahestaganj | Habiganj |
| 150 | | | Baropara, Nowapara, Uttar Bijoypur, Gachkul | Bijoypur, baropara | Sadar Dakkhin | Comilla |
| 151 | | | Krishnapur, Kumarpara | Kurigram Sadar | Kurigram Sadar | Kurigram |
| 152 | | | Koloshkathi | Koloshkathi | Bakerganj | Barisal |
| 153 | Bamboo Goods | | Modhupur | Purahati | Jhenaidah Sadar | Jhenaidah |
| 154 | | | Dariyapur | Shakirdah | Jhenaidah | Jhenaidah |
| 155 | | | Rishipara | Baro Thia | Gheor | Manikganj |
| 156 | | | Kanjanpur Malipara, 2 no ward | Joypurhat Municipility | Joypurhat | Joypurhat |
| 157 | | | Kubirear | Mulgram | Chatmohar | Pabna |
| 158 | Wooden Furniture | | Notun bazar | Gopalganj | Gopalganj | Gopalganj |
| 159 | | | Kanapari | Faridpur | Faridpur Sadar | Faridpur |
| 160 | | | Kath potti | Jhalokathi | Jhalokathi Sadar | Jhalokathi |
| 161 | | | Court station road | Habiganj | Habiganj | Habiganj |
| 162 | | | Koudikhora | Shutiakathi | Nesarabad | Pirojpur |
| 163 | | | Station Road | Ramgoti | Laksmipur Sadar | Laksmipur |
| 164 | | | Puran bazar, Mothkhula, 2, 3 no ward | Madaripur Municipility | Madaripur Sadar | Madaripur |
| 165 | | | Zero Point to Dakbangla | Chagolnaiya | Chagolnaiya | Feni |
| 166 | Wood for furniture | | Gangchar, Balur Tola | Comilla City Corp. | Kotwali | Comilla |
| 167 | | | Kourimara | Sutiakathi | Nesarabad | Pirojpur |
| 168 | Cricket Bat | | Ward-1,2,8 | Baldia | Nesarabad | Pirojpur |
| 169 | Dhal, Kula, Chatai | | Birahimpur | Gariganj | Shailkupa | Jhenaidah |
| 170 | Madur, Pati | | Shimulia | Chondipur | Naogaon Sadar | Naogaon |
| 171 | Hogla's pati, Mora, Bera | | 3 no ward | Deulbari | Nazirpur | Pirojpur |
| 172 | Shitol pati, Mota pati | | Hailakathi | Mothbari | Rajapur | Jhalokathi |
| 173 | Shitol Pati, Dhari, Hogla | | Paschim Charkrishnapur | Haimchar | Chandpur | Chandpur |
| 174 | Carpet | | Nishbetganj, Radhakrishna | Rangpur Sadar | Rangpur Sadar | Rangpur |
| 175 | Glass Pipet | | Shihari | Nasrotpur | Adamdighi | Bogra |
| 176 | Stone Breaking Machine | | Balubari, Nijbari, Satnera Dremnagar | Demnagar, bajanpur | Tetulia | Panchagar |
| 177 | Stone Products | | Bollaghat | West Jaflong | Gowainghat | Sylhet |

সংযোজনী-৪

(সূত্র: অনুচ্ছেদ নং - ৭.১)

তারিখঃ

(বিনামূল্যে প্রদেয়)

ব্যবস্থাপক

..............

..............

ছবি

## সিএমএসএমই ঋণ/বিনিয়োগ আবেদন।

প্রিয় মহোদয়,

আমি/আমরা সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে আপনার প্রতিষ্ঠানের ............................ শাখা হতে আমার/আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে চলতি মূলধন/ব্যবসা সম্প্রসারণ ও যন্ত্রপাতি ক্রয়/আন্যান্য বাবদ ............ মাস মেয়াদে ............................ টাকার মেয়াদী/চলতি ঋণ/বিনিয়োগ এর জন্য আবেদন করছি। নিম্নে আমার/আমাদের ব্যক্তিগত, ব্যবসা সংক্রান্ত এবং প্রস্তাবিত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ বিষয়ক তথ্য পেশ করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | **আবেদনকারী প্রতিষ্ঠানের বৃত্তান্ত** | | |
| | ১.১ প্রতিষ্ঠানের নাম | ঃ | |
| | ১.২ ট্রেড লাইসেন্স/প্রযোজ্য ক্ষেত্রে DBID/UBID/PRA নম্বর বা সংশ্লিষ্ট তথ্য | ঃ | |
| | ১.৩ ব্যবসায় বিনিয়োগকৃত মূলধন | ঃ | |
| | ১.৪ TIN (Tax identification Number) (প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| | ১.৫ ব্যাংক হিসাবের নাম ও নম্বর | ঃ | |
| | ১.৬ প্রতিষ্ঠানের বার্ষিক বিক্রয় (প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| | ১.৭ প্রতিষ্ঠানের মোট বার্ষিক আয় | ঃ | |
| | ১.৮ প্রতিষ্ঠানের মোট বার্ষিক ব্যয় | ঃ | |
| | ১.৯ প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদ (ভূমি ও ইমারত ব্যতীত) | ঃ | |
| | ১.১০ প্রতিষ্ঠানের নিয়োজিত জনবলের সংখ্যা | ঃ | |
| | ১.১১ মজুদ পণ্যের মূল্য | ঃ | |
| ২ | **আবেদনকারী প্রতিষ্ঠানের দায়** | | |
| | ২.১ ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি | ঃ | |
| | ২.২ অন্যান্য | ঃ | |
| ৩ | **আবেদনকারীর বৃত্তান্ত (অংশীদারি/যৌথমূলধনী কারবারের ক্ষেত্রে পরিচালকদের অনুরূপ তথ্য পৃথক পৃথক কাগজে সংযুক্ত করতে হবে)** | | |
| | ৩.১ নাম | ঃ | |
